GU004L2V1	স্ব-পরিচালিত এবং দলবদ্ধভাবে (টিমওয়ার্ক) কাজ সম্পাদন	১৫ ঘন্টা



## মডিউল কন্টেন্ট

### মডিউল ডেসক্রিপ্টর :

এই মডিউলটি কর্মক্ষেত্রে যোগাযোগ এবং দলবদ্ধভাবে কাজ করার দক্ষতা, জ্ঞান, এবং মনোভাব অন্তর্ভুক্ত। এ ইউনিটটিতে বিশেষভাবে দলের লক্ষ্য এবং কাজের প্রয়োজন্য চিহ্নিতকরণ, দলের সদস্যদের মধ্যে যোগাযোগ এবং সহযোগিতা, দলের সদস্য হিসাবে কাজ করা এবং সমস্যা সমাধান করা অন্তর্ভুক্ত।



## শিখন ফল

এই ইনফরমেশন শীট আয়ত্ত্ব করার পর প্রশিক্ষার্থী নিচে উল্লেখিত বিষয়ে জ্ঞান অর্জন করবে :

- ৪.১ দলের লক্ষ্য এবং কাজের পঞ্জিয়া চিহ্নিত করা
- ৪.২ দলের সদস্যদের মধ্যে যোগাযোগ এবং সহযোগিতা
- ৪.৩ দলের সদস্য হিসাবে কাজ সম্পাদন করা
- ৪.৪ দলের সদস্য হিসাবে সমস্যা সমাধান করা

### প্রশিক্ষকের জন্য শিখন ফল অর্জনের জন্য নির্দেশনা

- প্রশিক্ষকগন অনুগ্রহ করে ইনফরমেশন শীটে উল্লেখিত বিষয়গুলি প্রশিক্ষার্থীকে একাধিকবার ভালোভাবে বুঝিয়ে দিবেন এবং
- পাঠদানের সময় প্রোডাকশন প্লান দলগতভাবে দেখাবেন।



## কর্মক্ষমতা নির্ণায়ক

১. দলের লক্ষ্য এবং সিদ্ধান্ত গ্রহণের সহযোগী পঞ্জিয়াগুলি চিহ্নিত করা।
২. দলের সদস্যদের ভূমিকা, দায়িত্ব, এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।
৩. দলের এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।
৪. প্লিয়াকলাপ এবং উদ্দেশ্যগুলিতে অবদান রাখতে কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা ব্যবহার করা।
৫. দলীয় অর্জন সমর্থন করতে যোগাযোগের আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক রূপগুলি কার্যকরভাবে ব্যবহৃত করা।
৬. দলীয় কার্যক্রমে বৈচিত্র্যতা এবং অন্যান্য সদস্যদের মতামত মূল্যায়ন করা।
৭. যোগাযোগের সুবিধার্থে কর্মক্ষেত্রের বিভিন্নভাবে পরিভাষা সঠিকভাবে ব্যবহার করা।
৮. সাংগঠনিক এবং দলের প্রয়োজনীয়তা, স্পেসিফিকেশন, এবং কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে কার্যাবলী সম্পাদন করা।
৯. স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি অনুসরণ করে স্বীকৃত রিপোর্টিং লাইন ব্যবহার করা।
১০. দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি চিহ্নিত এবং সমাধান করা।
১১. সমস্যাগুলি কার্যকরভাবে সমাধান করা এবং কার্যত সমাধানের ফলাফলগুলি মূল্যায়ন করা।



শিক্ষণ ফল : ৪.১ দলের লক্ষ্য এবং কাজের পঞ্জিয়া চিহ্নিত করা



সূচিপত্র

- দলের লক্ষ্য
- সিদ্ধান্ত গ্রহণের সহযোগী প্রকিয়া
- দলের সদস্যদের ভূমিকা এবং দায়িত্ব
- দলের অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক



মূল্যায়ন নির্ণায়ক

- দলের লক্ষ্য এবং সিদ্ধান্ত গ্রহণের সহযোগী পঞ্জিয়া চিহ্নিত করা।
- দলের সদস্যদের ভূমিকা এবং দায়িত্ব চিহ্নিত করা।
- দলের এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।



প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষণার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- কলম
- নোটখাতা
- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি



লার্নিং অ্যাক্টিভিটি ৪.১

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
দলের লক্ষ্য এবং কাজের প্রক্রিয়া চিহ্নিত করা	ইনফরমেশন শীট ৪.১ সেলফ-চেক কুইজ ৪.১ উওরমালা ৪.১



ইনফরমেশন শীট ৪.১

ভূমিকা :

দলের লক্ষ্য হল কর্মক্ষেত্রের একটি অবিচ্ছেদ্য মাইলফলক যা কোন দলকে এক সাথে কাজ করার প্রতিশ্রুতি দেয়। দলের লক্ষ্য একটি পঞ্জিয়ার দক্ষতা বিকাশ। দলের লক্ষ্যগুলি কোম্পানির কর্মীদের আরও বেশি কাজ করতে উৎসাহ দিতে পাও যেহেতু তারা তাদের বিকাশে অবদান রাখে।

মূল আলোচনা :

দলের লক্ষ্য নির্ধারণ-

- দল কী অর্জন করতে চায় তা জানা
- দল কেন লক্ষ্য নির্ধারণ করতে চায় এবং সেগুলি কিভাবে অর্জন করবে তা ঠিক করা
- প্রাথমিক পর্যায়ে লক্ষ্য নির্ধারণ
- দলের সদস্যদের বা শ্রমিকদের নিজস্ব লক্ষ্য বিকাশ
- সময়সীমা নির্ধারণ
- লক্ষ্যগুলির অগ্রগতি ট্র্যাক করা
- আগের ভুল থেকে শিক্ষা নেয়া

### সিদ্ধান্ত গ্রহণের সহযোগী প্রক্রিয়াঃ

- একজন দলনেতা এবং মূলবক্তা ঠিক করা
- প্রত্যাশিত ফলাফল এবং প্ল্যাণ্ডুলি সংজ্ঞায়িত করা
- প্রক্রিয়াকে সমর্থন করা
- মানদণ্ড প্রতিষ্ঠা করা
- বিকল্প উপায় ঠিক করা
- বিকল্প উপায় মূল্যায়ন, নির্বাচন এবং সংশোধন
- ডকুমেন্টেশন চূড়ান্ত এবং পড়িয়া মূল্যায়ন করা

### দলের সদস্যের ভূমিকা এবং দায়িত্ব :

- দলের নেতাকে স্বাভাবিক কর্ম দলের একজন সদস্য গণ্য করা ।
- সক্রিয়ভাবে তার সভাগুলিতে অংশ নেওয়া এবং জ্ঞান, দক্ষতা, ধারণা ও তথ্য আদান-প্রদান করা ।
- অন্যের অবদানকে সম্মান করা ।
- মিটিং মনোযোগ সহকারে শোনা এবং কিছু জানার থাকলে প্রশ্ন করা ।
- আগ্রহী হওয়া ।
- সিদ্ধান্তের বিষয়ে ঐকমত্য হয়ে কাজ করা ।
- দলের উদ্দেশ্যে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া ।
- তথ্য সংগ্রহ, প্রক্রিয়া পর্যবেক্ষণ, তথ্য চাট করা এবং প্রতিবেদন লেখার মতো দায়িত্ব পালন করা ।

### কর্মক্ষেত্রে দলের অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক :

কর্মক্ষেত্রে সম্পর্ক হলো এক সদস্যের সাথে অন্যের ইন্টারঅ্যাকশন/মিথস্পিউয়া। দলের সদস্যদের মধ্যে পেশাদার ও কার্যকর সম্পর্ক থাকলে কর্মক্ষেত্রে উপভোগ করার সম্ভাবনা বেশি। কর্মক্ষেত্রে সাফল্যের জন্যও কর্মক্ষেত্রে সম্পর্ক তৈরি করা গুরুত্বপূর্ণ। কর্মক্ষেত্রে সহকর্মীদের সাথে সম্পর্ক কেবল নেটওয়ার্কিংয়ে সহায়তা করে না, তারা আপনাকে আপনার ভূমিকা সফল করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং উৎসাহও সরবরাহ করতে পারে। কর্মক্ষেত্রের সম্পর্কগুলি নিম্নলিখিত সুবিধা সরবরাহ করে :

- ক্যারিয়ার নিয়ে সন্তুষ্টি বৃদ্ধি
- উপস্থাপনা এবং টিম মিটিংয়ের আন্তরিকতা বৃদ্ধি
- উন্নত উৎপাদনশীলতা
- কঠিন সময়সীমা পূরণে নৈতিক সমর্থন এবং সহায়তা
- কোম্পানির শ্রমিক হারানোর সম্ভাবনা হ্রাস

### কর্মক্ষেত্রে ইতিবাচক সম্পর্ক তৈরি :

কর্মক্ষেত্রে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার অভ্যাস কারো কারো কাছে স্বাভাবিকভাবেই আসতে পারে। তবে, কর্মক্ষেত্রে সহকর্মীর সম্পর্ককে কীভাবে ইতিবাচক সম্পর্কের মধ্যে রূপান্তর করতে হবে তা সম্পর্কে অনিশ্চিত থাকলেও আপনি নিম্নলিখিত পদক্ষেপ নিতে পারেন-

- নিজের শক্তি এবং দুর্বলতাগুলি বুঝা
- সম্পর্ক বিকাশের সময়সূচী
- প্রশ্ন জিজ্ঞাসা করা এবং শোনা
- সহায়তা করা
- প্রতিটি কর্মীর দায়িত্বকে সম্মান করা
- প্রতিশ্রুতি রক্ষা
- উপস্থিত থাকা



### সেলফ-চেক কুইজ ৪.১

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

### নমুনা প্রশ্ন :

১. দলের লক্ষ্যে কি ?
২. কর্মক্ষেত্রে দলের সদস্যের ভূমিকা এবং দায়িত্ব কি ?
৩. কর্মক্ষেত্রে অন্যান্য সদস্যদের সাথে সুসম্পর্ক কি কি সুবিধা সরবরাহ করে ?



৪. কর্মক্ষেত্রে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার গুরুত্ব লিখুন।  
 ৫. কর্মক্ষেত্রে সম্পর্ক হল এক সদস্যের সাথে অন্যের -----।  
 ব্যবহারিকঃ  
 ১. কর্মক্ষেত্রে দলগত কাজের একটি নমুনা সম্পূর্ণ কর।



শিখন ফল : ৪.২ দলের সদস্যদের মধ্যে যোগাযোগ এবং সহযোগিতা



সূচিপত্র

- কার্যকর ব্যক্তিক দক্ষতা
- যোগাযোগের ধরণ
- যোগাযোগের আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক রূপ
- দলীয় কার্যক্রমে বৈচিত্রতা
- কর্মক্ষেত্রের বিভিন্ন পরিভাষা



মূল্যায়ন নির্ণায়ক

- দলের সদস্যদের সাথে আলাপচারিতায় কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা ব্যবহার করা।
- প্রক্রিয়াকলাপ এবং উদ্দেশ্যগুলিতে অবদান রাখতে কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা ব্যবহার করা।
- দলীয় অর্জন সমর্থন করতে যোগাযোগের আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক রূপগুলি কার্যকরভাবে ব্যবহৃত করা।
- দলীয় কার্যক্রমে বৈচিত্রতার মূল্যায়ন করা।
- দলের অন্যান্য সদস্যদের মতামত বুঝা এবং মূল্যায়ন করা।
- যোগাযোগের সুবিধার্থে কর্মক্ষেত্রের বিভিন্ন ডুব পরিভাষা সঠিকভাবে ব্যবহার করা।



প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবেঃ

- কলম
- নোটখাতা
- যোগাযোগের আনুষ্ঠানিক এবং
- অনানুষ্ঠানিক ডকুমেন্ট



লার্নিং অ্যাক্টিভিটি ৪.২

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
দলের সদস্যদের মধ্যে যোগাযোগ এবং সহযোগিতা	ইনফরমেশন শীট ৪.২ সেলফ-চেক কুইজ ৪.২ উত্তরমালা ৪.২



## ইনফরমেশন শীট ৪.২

মূল আলোচনা :

কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা

কর্মক্ষেত্রে সাফল্যের জন্য যে সাত ধরনের আন্তঃব্যক্তিক দক্ষতা প্রয়োজন তা হলো:

- মৌখিক যোগাযোগ
- লিখিত যোগাযোগ
- শ্রবণ দক্ষতা
- আলাপ-আলোচনা
- সমস্যা সমাধান
- সিদ্ধান্তগ্রহণ
- দৃঢ়তা

যোগাযোগের ধরণ

- সামনাসামনি
- ভিডিও, অডিও এবং পাঠ্য-ভিত্তিক
- বক্তৃতা
- দেহ নড়াচড়া
- মুখের ভাব
- প্রতীক

আনুষ্ঠানিক যোগাযোগ

- আনুষ্ঠানিক যোগাযোগ হল নির্ধারিত চ্যানেলের মাধ্যমে অফিসিয়াল যোগাযোগ পদ্ধতি। এগুলি সাধারণত শীর্ষ নেতৃত্ব থেকে শুরু করে বিভিন্ন ডুব বিভাগে অবহিত করা হয়। এক্ষেত্রে কঠোর নিয়মনীতি ও অফিসিয়াল ডকুমেন্টেশন অনুসরণ করা হয়।

অনানুষ্ঠানিক যোগাযোগ

আনুষ্ঠানিক যোগাযোগ আনুষ্ঠানিকের চেয়ে বেশি সম্পর্কযুক্ত। এটি কোন পূর্ব নির্ধারিত চ্যানেল সমর্থন করে না এবং কর্মক্ষেত্রের মধ্যে যে কোন জায়গায় ঘটতে পারে। এর প্রাথমিক লক্ষ্য সহকর্মী এবং উর্ধ্বতন ও অধঃস্তনদের সাথে সম্পর্ক সংরক্ষণ এবং স্থাপন করা। যেহেতু এটি কোনও চ্যানেল দ্বারা সংজ্ঞায়িত করা হয় না, বার্তাবহন অনেক দ্রুত গতি সঞ্চারণ করে। তবে এই ধরনের যোগাযোগ কোন কাগজ বা অফিসিয়াল ডকুমেন্টেশন ছাড়াই হয়।

যোগাযোগের বিভিন্ন ডুব আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক রূপ

**এজেন্ডা :** এজেন্ডা হল একটি সভার ক্রিয়াকলাপের তালিকা যা অংশগ্রহণকারীরা তাদের মিটিং সম্পন্ন করার সময় করে।


**কাজের বিভিন্ন রিপোর্ট :** প্রতিটি কাজ শেষে কাজের সমাপনি রিপোর্ট সরবরাহ করা হয়। যেমনঃ সুইং ফ্লোরের প্রোডাকশান রিপোর্ট।

**জব শীট :** জব শিট একটি দস্তাবেজ (সাধারণত কেবল এক পৃষ্ঠা) যা কোন শ্রমিককে তার কাজ করতে সহায়তা করার জন্য নির্দেশনাবলী ধারণ করে। এতে কোন কাজ সম্পাদন করতে কত সময় লাগে এবং কাজের জন্য প্রয়োজনীয় উপকরণ উল্লেখ থাকে।

**অপারেশন ম্যানুয়াল :** অপারেশন ম্যানুয়াল হল ডকুমেন্টেশন (একটি পুস্তকের মত) যা কর্মচারীদের সঠিকভাবে এবং যুক্তিসঙ্গতভাবে দক্ষতার সাথে তাদের কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করে। অপারেশন ম্যানুয়াল মেশিনেরও হয়ে থাকে। একটি মেশিন প্রোডাকশানকালীন কিভাবে চালাতে হবে, কিভাবে মেইন্টেন্যান্স করতে হবে সব লিপিবদ্ধ থাকে। যেমনঃ সুইং মেশিন অপারেশন ম্যানুয়াল

**ভিজুয়াল ও গ্রাফিক ম্যাটেরিয়াল :** অডিও-ভিজুয়াল সামগ্রী হলো সেই জিনিসগুলি যা যেকোন কিছু চাক্ষুষ দিক পর্যবেক্ষণ করে বুঝা যায়। গ্রাফিক সামগ্রীতে সব ধরনের স্থির চিত্র অন্তর্ভুক্ত রয়েছে, যেমন প্রিন্ট, ড্রইং, ফটোগ্রাফ, পোস্টার, পোস্টকার্ড, সচিত্র বিজ্ঞাপন, কার্টুন, কমিক স্ট্রিপ, পোর্ট্রেট, ল্যান্ডস্কেপ, বইয়ের চিত্র, এবং ডিজিটাল ছবি ইত্যাদি।

নিম্নে গ্রাফিক ম্যাটেরিয়াল হিসাবে সুইং মেশিন দেখানো হলো।



চিত্র : গ্র্যাফিক ম্যাটেরিয়াল

### দলীয় কার্যক্রমে বৈচিত্রতা

কর্মক্ষেত্রে বৈচিত্রতার অর্থ একটি দলের কার্যক্রমে বিভিন্ন মতের বা চিন্তার ব্যক্তিদের অংশগ্রহণ। কর্মক্ষেত্রে বৈচিত্রতার দলের পারফরম্যান্স আরও উন্নতির দিকে নিয়ে যায়। যেমন :

- সৃজনশীলতা এবং উদ্ভাবন বৃদ্ধি পায়
- আরও ভালো সমস্যা সমাধান এবং সিদ্ধান্ত গ্রহণ
- লাভ বৃদ্ধি পায়
- উচ্চ কর্মচারী ব্যস্ততা
- দলের ভেতর আলাদা গ্রুপিং প্রতিরোধ করে
- দ্বন্দ্ব নিরসনে আরও ভালো কৌশল



### সেলফ-চেক কুইজ ৪.২

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

নমুনা প্রশ্ন :

১. কর্মক্ষেত্রে কি কি আন্তঃব্যক্তিক দক্ষতা প্রয়োজন ?
২. দলীয় কার্যক্রমে বৈচিত্রতা কর্মক্ষেত্রে কি প্রভাব রাখে ?

৩. ভিজুয়াল ও গ্র্যাফিক ম্যাটেরিয়াল বলতে কি বুঝ ?

৪. আনুষ্ঠানিক যোগাযোগ ও অনানুষ্ঠানিক যোগাযোগ এর মধ্যে পার্থক্য লিখ।

ব্যবহারিক :

১. কর্মক্ষেত্রের সাথে সম্পর্কিত যে কোন একটি ভিজুয়াল ও গ্র্যাফিক ম্যাটেরিয়াল নিয়ে দলগতভাবে আলোচনা কর।



শিক্ষণ ফল : ৪.৩ দলের সদস্য হিসাবে কাজ সম্পাদন করা



সূচিপত্র

- দলের দায়িত্ব-কর্তব্য, কর্তৃত্ব, উদ্দেশ্য এবং কার্যক্ষেত্রে যাজনীয়তা
- দলীয় লক্ষ্যপূরণে দলে পারস্পারিক সহায়তা
- রিপোর্টিং লাইন



মূল্যায়ন নির্ণায়ক

- দায়িত্ব, কর্তব্য, কর্তৃত্ব, উদ্দেশ্য এবং কার্যক্ষেত্রে যাজনীয়তা চিহ্নিত এবং বিষয়গুলো দলের সাথে স্পষ্ট করা।
- সাংগঠনিক এবং দলের প্রয়োজনীয়তা, স্পেসিফিকেশান এবং কর্মক্ষেত্রে পদ্ধতি অনুসারে কার্যাবলী সম্পাদন করা।
- দলের এক সদস্যের সাথে অন্যের সহায়তার মাধ্যমে দলীয় লক্ষ্য, প্রয়োজনীয়তা এবং সচেতনতা অর্জন নিশ্চিত করা।
- স্ট্যাভার্ড অপারেটিং পদ্ধতি অনুসরণ করে স্বীকৃত রিপোর্টিং লাইন ব্যবহার করা।



প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষণার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- কলম
- নোটখাতা



লার্নিং অ্যাক্টিভিটি ৪.৩

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
দলের সদস্য হিসাবে কাজ সম্পাদন করা	ইনফরমেশন শীট ৪.৩ সেলফ-চেক কুইজ ৪.৩ উওরমালা ৪.৩



## ইনফরমেশন শীট ৪.৩

### মূল আলোচনা :

দলের দায়িত্ব-কর্তব্য, কর্তৃত্ব, উদ্দেশ্য এবং কার্যপথে যাজনীয়তা : শীর্ষ পরিচালনাকারীদের ভূমিকা ও দায়িত্ব নিতে হবে। তাছাড়া অবশ্যই মিড-ম্যানেজমেন্ট এবং সংস্থার অন্যান্য কর্মচারীদের দায়িত্ব অর্পণ করতে হবে। দলের দায়িত্ব-কর্তব্য, কর্তৃত্ব, উদ্দেশ্য এবং কার্যপ্রয়োজনীয়তা সমূহের মধ্যে রয়েছে-

- মানের প্রয়োজনীয় লেভেলের সাথে কোয়ালিটির সামঞ্জস্য রক্ষা।
- প্রক্রিয়া কার্যকারিতা।
- কোয়ালিটি পারফরম্যান্স সম্পর্কে রিপোর্ট করা।
- সিস্টেমের রক্ষণাবেক্ষণ এবং পরিবর্তনের সময় কোয়ালিটির অখণ্ডতা নিশ্চিত করা।
- গ্রাহকের প্রয়োজনীয়তার সাথে সম্মতি।
- সংশোধনমূলক প্ল্যানগুলির জন্য দায়বদ্ধতা।
- পণ্যের প্রয়োজনীয়তা অনুসারে পণ্ডিত শনাক্তকরণ যা গুণগতমানকে প্রভাবিত করে।


### দলীয় লক্ষ্যপূরণে দলে পারস্পরিক সহায়তা

আন্তঃসম্পর্ক মানে পারস্পরিক সম্পর্ক স্থাপন করা। আন্তঃসম্পর্ক স্থাপনের মূল কারণ হলো যোগাযোগের চ্যানেল স্থাপন করা যাতে অপরিকল্পিত বাধা ছাড়াই কাজটি সুচারুভাবে এগিয়ে চলে। কার কাছ থেকে নির্দেশনা গ্রহণ করবেন, কার কাছে দায়বদ্ধ, কার কাছে সমস্যার সমাধানের জন্য তথ্য চাইতে যেতে হবে এবং সম্পূর্ণ হওয়ার পরে তথ্য বা পণ্য কার কাছে জমা দিতে হবে তা কর্মীদের জানতে হবে। কোন সংস্থার মধ্যে কর্মীরা বিভিন্নভাবে উপায়ে সম্পর্কিত :

- পদবীর অবস্থান দ্বারা
- অভ্যন্তরীণ গ্রাহক এবং তথ্য, পণ্য, বা পরিষেবার সরবরাহকারী হিসাবে
- ক্রিয়াকলাপের অবস্থান হিসাবে
- বেতন-গ্রেডিং কাঠামোয় অবস্থানে
- কাজের শিরোনাম, পেশা, এবং কাজের ধরণ দ্বারা
- অবস্থান অনুসারে অর্থাৎ একই সাইটে থাকা কিন্তু একই বিভাগে নয়

### রিপোর্টিং লাইন

প্রতিবেদন কাঠামোটি কোন সংস্থার কর্তৃত্বের সম্পর্ককে বুঝায়- কে কাকে রিপোর্ট করে। রিপোর্টিং লাইন জানতে কোম্পানির অরগ্যানোগ্রাম বা লোকবিন্যাস সম্পর্কে জানতে হয়। নিশ্চয়ই একটি কোম্পানির নমুনা অরগ্যানোগ্রাম দেওয়া হলো।



চিত্র : কোম্পানির নমুনা অরগ্যানোগ্রাম



সেলফ-চেক কুইজ ৪.৩

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

নমুনা প্রশ্ন :

১. দলের দায়িত্ব-কর্তব্য, কর্তৃত্ব, উদ্দেশ্য এবং কার্যক্ষেত্রে যাজনীয়তা কি ?
২. দলীয় লক্ষ্যপূরণে দলে পারস্পরিক সহায়তা বলতে কি বুঝায় ?
৩. সিস্টেমের রক্ষণাবেক্ষণ এবং পরিবর্তনের সময় ----- অখণ্ডতা নিশ্চিত করা উচিত।
৪. রিপোর্টিং লাইন জানতে কোম্পানির ----- সম্পর্কে জানতে হয়।

ব্যবহারিক :

১. আপনার কোম্পানির একটি অরগ্যানোগ্রাম চার্ট তৈরি করুন।



শিখন ফল : 8.8 দলের সদস্য হিসাবে সমস্যা সমাধান করা



সূচিপত্র

- দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি
- সমস্যার কার্যকর সমাধান এবং ফলাফল মূল্যায়ন



মূল্যায়ন নির্ণায়ক

- দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি চিহ্নিত করা।
- সমস্যার একটি সমাধান সনাক্ত করা।
- সমস্যাগুলি কার্যকরভাবে সমাধান করা এবং বাস্তবায়িত সমাধানের ফলাফল মূল্যায়ন করা



প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষণার্থীদের নিম্নবলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- কলম
- নোটখাতা



লার্নিং অ্যাক্টিভিটি 8.8

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
দলের সদস্য হিসাবে সমস্যা সমাধান করা	ইনফরমেশন শীট 8.8 সেল্ফ-চেক কুইজ 8.8 উওরমালা 8.8



ইনফরমেশন শীট 8.8

মূল আলোচনা :

দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি : কর্মক্ষেত্রে দলগুলি সাধারণত বিভিন্নভাবে সমস্যার মুখোমুখি হয়। যেমন :

- দলে পরিচয়ের অভাবঃ দলের লক্ষ্যগুলির জন্য সদস্যরা একে অপরের কাছে পরস্পর জবাবদিহি করতে পারে না।
- সিদ্ধান্ত নিতে অসুবিধাঃ দলীয় সদস্যরা নতুন তথ্য প্রবর্তনের সিদ্ধান্ত নেওয়ার সময় বা পুনরাবৃত্তি যুক্তি দেওয়ার সময় তাদের অবস্থান কঠোরভাবে মেনে চলতে পারে না।

বাজে যোগাযোগঃ দলের সদস্যরা একে অপরের উপর কথা বলতে পারে না। বৈঠকের সময় কিছু সদস্যের অবিচ্ছিন্নভাবে নীরবতা থাকে।

- হৃদয় সমাধানে অক্ষমতাঃ যখন তীব্র উত্তেজনা হয় এবং দলের সদস্যরা ব্যক্তিগত আশ্রয় বা আশ্রয়প্রার্থী হয়ে অঙ্গভঙ্গি করেন তখন বিরোধগুলি সমাধান করা যায় না।
- স্বজনশীলতার অভাবঃ দলটি নতুন ধারণা এবং দৃষ্টিভঙ্গি তৈরি করতে অক্ষম এবং অপ্রত্যাশিত ইভেন্টকে সুযোগে রূপান্তরিত করতে পারেনা।
- বিকল্প চিন্তার অভাবঃ দলটি বিকল্প ধারণা বা পছন্দগুলি বিবেচনা করতে অনিচ্ছুক বা অক্ষম। ধারণাগুলি নিয়ে সমালোচনামূলক চিন্তা ভাবনা এবং বিতর্ক থাকে না।
- অকার্যকর নেতৃত্বঃ নেতারা দলটিকে সঠিকভাবে প্রতিনিধিত্ব করতে ব্যর্থ হন এবং দলের সাথে দূরত্ব বজায় রাখেন।
- দলে সমস্যার কার্যকর সমাধান এবং ফলাফল মূল্যায়ন, বিশ্বাস স্থাপনঃ টিম ওয়ার্কের বাইরে ইতিবাচক ফলাফল পাওয়ার জন্য একে অপরের মধ্যে আস্থা রাখা গুরুত্বপূর্ণ। দলকে একসাথে রাখার জন্য বিশ্বাসই একমাত্র গুরুত্বপূর্ণ উপাদান। এটি ছাড়া

প্রত্যাশার ফলাফল দিতে সক্ষম হতে পারে না। প্রত্যাশা পরিষ্কার করা, সীমাবদ্ধতা কমানো, কাজের প্রতি দায়বদ্ধ মনোভাব, সমালোচনামূলক সমস্যা সমাধানের জন্য আগ্রহী, প্রয়োজনীয় যোগাযোগ এবং ফলপ্রসূ ব্যস্ততা, শিখতে ও শুনতে ইচ্ছুক, অন্যের প্রতি তাদের বিশ্বাসযোগ্যতা প্রমাণ করা এসবেরই উদাহরণ।

- **কার্যকর যোগাযোগের বিকাশ:** যোগাযোগের অভাবের ফলে দলের মনোবল হ্রাস পায় যা শেষ পর্যন্ত সংস্থার নীচের লাইনের পাশাপাশি বিভাগীয় লক্ষ্যগুলিকে প্রভাবিত করে। যোগাযোগকে আরও উনড়বত করার জন্য, দলটিকে নিকটস্থ কিছু রেস্টোরাঁয় খাবারের জন্য বাইরে নিয়ে যাওয়ার চেষ্টা করুন, বা সাপ্তাহিক বা মাসিক সিনেমা দেখার জন্য তাদের নিয়ে যান। আপনার দলকে একে অপরের আরও ঘনিষ্ঠ হয়ে তাদের মধ্যে থাকা সমস্ত আনুষ্ঠানিক প্রতিবন্ধকতাগুলি ভঙ্গ করতে হবে।

**খারাপ পারফরম্যান্স মোকাবেলা:** আপনি যদি প্র মদিকে দলের খারাপ পারফরম্যান্সের মুখোমুখি না হন তবে আপনার পুরো টিমের অনুপ্রেরণায় ঘাটতি দেখা দেবে। আপনার পক্ষে সেই ব্যক্তিদের খোঁজা দরকার যারা পুরো দলের মনোভাবকে প্রভাবিত করছে। আপনার প্রয়োজনে তাদের সাথে একটি কঠিন কথোপকথন এবং নিশ্চিত করুন যে তারা তাদের সেরাটি দিতে অনুপ্রাণিত হয়েছে। দুর্বল পারফরম্যান্সের সাথে মোকাবেলা করার এই পুরো প্রক্রিয়াটিকে আরও সহজ করতে আপনি চাইলে নিয়মিত সাপ্তাহিক বা মাসিক পারফরম্যান্স পর্যালোচনা সভা করে একসাথে অগ্রগতি পর্যালোচনা করুন। তার সাথে কথা বলে পরিস্থিতি সম্পর্কে সচেতন এবং তাদের সমস্যার ক্ষেত্র কী তা বুঝার জন্য প্রশংসা করুন। তাদের কাছ থেকে আপনার প্রত্যাশা এবং পারফরম্যান্স উন্নতির জন্য যে মঞ্জুরি দিচ্ছেন সে সম্পর্কে পরিষ্কার হন।

**দল গঠনের চ্যালেঞ্জ:** কোনও দলের ভালো পারফরম্যান্স করার জন্য, একসাথে কাজ করা ছাড়া আর কোনও বাধ্যবাধকতা নেই। তদুপরি শীর্ষস্থানীয়, উদ্ভাবনী সমাধান এবং ফলাফলের সহযোগী কার্য সম্পাদন করা অত্যন্ত প্রয়োজনীয়।

**কার্যকরভাবে দায়িত্ব অর্পণ:** নেতা হওয়ার অর্থ সবসময় এই নয় যে আপনার নিজের হাতে সমস্ত কিছু করার মনোভাব থাকতে হবে। এই মানসিকতাকে চ্যালেঞ্জ করা এবং দায়িত্ব দক্ষতার সাথে অর্পণ করা অপরিহার্য। দায়িত্ব অর্পণ শেখা আপনার দলকে বিকাশ করতে সহায়তা করবে এবং এর কৌশলগত বিষয়গুলোতে মনোনিবেশ করতেও সক্ষম করবে।

**ব্যক্তিত্বের পার্থক্য এবং সংঘর্ষগুলি কাটিয়ে ওঠা:** রাজনীতি এবং সংঘর্ষ প্রতিটি কার্যকরী অফিসের একটি অংশ। প্রতিটি দলের সদস্যের মধ্যে ব্যক্তিত্বের পার্থক্য রয়েছে। আপনি যদি তাদের পার্থক্য এবং সংঘর্ষকে সমাধান না করেন তবে এটি একটি গুরুতর বিষয় হতে পারে। সুতরাং এই বিষয়টিকে হালকাভাবে নেওয়া উচিত নয়। এ কারণেই একটি কার্যকর সংস্কৃতি তৈরি সত্যিই কাজে আসে। সুতরাং কে দোষ করেছে এবং তাদের মধ্যে কী ঘটেছে এবং তার দোষের পরিবর্তে সন্তোষজনক কাজের সম্পর্ক গড়ে তোলার জন্য আপনার

উচিত অতীতকে ভুলে যাওয়ার দিকে নজর দেওয়া।

**দীর্ঘমেয়াদী চিন্তাভাবনার বিকাশ:** আপনি সর্বদা আপনার দলে এমন কাউকে চাইবেন যার দুর্দান্ত ধারণা এবং দূরদৃষ্টি দক্ষতা রয়েছে এবং দলটি যে পদক্ষেপ গ্রহণ করবে তার যথাযথভাবে পূর্বাভাস দিতে পারবে। তাই আগে থেকে বড় চিত্রটি দেখতে সক্ষম হোন এবং সবকিছু একসাথে খাপ খায় কিনা তা যাচাই করুন। এটি দীর্ঘমেয়াদী সাফল্য এবং স্থায়িত্ব সরাসরি যুক্ত। এটি তাদের সামনের দেখার ক্ষমতা এবং দীর্ঘমেয়াদী চিন্তাভাবনা বিকাশ করতে সহায়তা করবে।

**অপ্রয়োজনীয় সভা না করা:** আমরা সকলেই জানি অযথা বৈঠকে আমরা এক সপ্তাহে বা মাসে কতটা মূল্যবান সময় নষ্ট করি। অপ্রয়োজনীয় সভা সময় এবং প্রচেষ্টার সম্পূর্ণ অপচয়। তাই দলের দায়িত্ববানদের সেই সময় সাপেক্ষ সভা করতে হবে যাতে দলের সদস্যরা আরও বেশি উৎপাদনশীলতার দিকে মনোনিবেশ করতে পারে। দল মিটিংয়ের জন্য একসাথে বসলে খুব বেশি সময় যেন নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**দলের নেতৃত্বের উপর নির্ভরতা হ্রাস করা:** দলের নেতৃত্বের উপর অতিরিক্ত নির্ভরতা পুরোদমে একজন ব্যক্তির মতো দল গঠনে ক্ষতিকারক হতে পারে। সাধারণত যখন কোন দলে একক ব্যক্তির আধিপত্য থাকে, তার অর্থ দলের সমস্ত সদস্যই একজন যোগ্যতাসম্পন্ন ডুব বা অভিজ্ঞ দলের নেতার অধীনে কাজ করছেন। তবে দলের এক নেতার উপর অত্যাধিক নির্ভরতা কার্যকরী দল গঠনের জন্য ক্ষতিকারক। সুতরাং নির্ভরশীলতা হ্রাস একটি শক্ত দল গঠনের জন্য অত্যন্ত প্রয়োজনীয়।



## সেলফ-চেক কুইজ ৪.৪

নিম্নলিখিত প্রশ্নে উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

**নমুনা প্রশ্ন :**

১. দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি কিভাবে সনাক্ত করা হয় ?
২. দলে খারাপ পারফরম্যান্স মোকাবেলা কিভাবে করবেন ?
৩. কর্মক্ষেত্রে একটি কি কি সমস্যার মুখোমুখি হয় ?
৪. কর্মক্ষেত্রে কিভাবে কার্যকর যোগাযোগের বিকাশ করা যায় ?
৫. অযথা বৈঠকে আমরা এক সপ্তাহে বা মাসে কতটা মূল্যবান ----- নষ্ট করি।

**ব্যবহারিক :**

১. দলে সমস্যার কার্যকর সমাধান এবং ফলাফল মূল্যায়ন নিয়ে আলোচনা (pair discussion) করা।





জব শীট

শিক্ষার্থীর জব শীট-৪	
কোয়ালিফিকেশন	ফ্যাশন ডিজাইন প্রোডাক্ট ডেভেলপমেন্ট
লার্নিং ইউনিট	স্ব-পরিচালিত এবং দলবদ্ধভাবে (টিমওয়ার্ক) কাজ সম্পাদন
ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)	মাস্ক, গ্লোভস এবং এ্যাপ্রোন
উপকরণ	কলম, পেন্সিল, ইরেজার, জব অর্ডার, লে-আউট, বিভিন্নডুব মেশিনের ডায়গ্রাম, মেশিন চালানোর নির্দেশিকা
যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	
কর্মক্ষমতা নির্ণায়ক	<ol style="list-style-type: none"> <li>১. দলের লক্ষ্য এবং সিদ্ধান্ত গ্রহণের সহযোগী প্রক্রিয়াগুলি চিহ্নিত করা।</li> <li>২. দলের সদস্যদের ভূমিকা, দায়িত্ব, এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।</li> <li>৩. দলের এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।</li> <li>৪. ক্রিয়াকলাপ এবং উদ্দেশ্যগুলিতে অবদান রাখতে কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা ব্যবহার করা।</li> <li>৫. দলীয় অর্জন সমর্থন করতে যোগাযোগের আনুষ্ঠানিক এবং আনুষ্ঠানিক রূপগুলি কার্যকরভাবে ব্যবহৃত করা।</li> <li>৬. দলীয় কার্যক্রমে বৈচিত্র্যতা এবং অন্যান্য সদস্যদের মতামত মূল্যায়ন করা</li> <li>৭. যোগাযোগের সুবিধার্থে কর্মক্ষেত্রের বিভিন্নডুব পরিভাষা সঠিকভাবে ব্যবহার করা।</li> <li>৮. সাংগঠনিক এবং দলের প্রয়োজনীয়তা, স্পেসিফিকেশন, এবং কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে কার্যাবলী সম্পাদন করা।</li> <li>৯. স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি অনুসরণ করে স্বীকৃত রিপোর্টিং লাইন ব্যবহার করা।</li> <li>১০. দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি চিহ্নিত এবং সমাধান করা।</li> <li>১১. সমস্যাগুলি কার্যকরভাবে সমাধান করা এবং কার্যত সমাধানের ফলাফলগুলি মূল্যায়ন করা।</li> </ol>
মেজারমেন্ট	
নোট	জবের প্রয়োজন অনুসারে পরিমাণমত উপকরণ নিতে হবে।
পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. পেশাগত নিরাপত্তার জন্য প্রয়োজনীয় প্রতিরক্ষামূলক সরঞ্জাম নির্বাচন ও সংগ্রহ করা।</li> <li>২. সংগৃহীত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক ম্যাটেরিয়ালস এর কার্যপযোগীতা দেখে নেওয়া।</li> <li>৩. দলের লক্ষ্য এবং সিদ্ধান্ত গ্রহণের সহযোগী প্রক্রিয়াগুলি চিহ্নিত করা।</li> <li>৪. দলের সদস্যদের ভূমিকা এবং দায়িত্বগুলি চিহ্নিত করা।</li> <li>৫. দলের এবং অন্যান্য কর্মীদের সাথে সম্পর্ক চিহ্নিত করা।</li> <li>৬. আলাপচারিতায় কার্যকর আন্তঃব্যক্তিক দক্ষতা ব্যবহার করা।</li> <li>৭. যোগাযোগের আনুষ্ঠানিক এবং আনুষ্ঠানিক রূপগুলি কার্যকরভাবে ব্যবহৃত করা।</li> <li>৮. কর্মক্ষেত্রের বৈচিত্র্যতার মূল্যায়ন এবং পরিভাষা সঠিকভাবে ব্যবহার করা।</li> <li>৯. সাংগঠনিক এবং দলের প্রয়োজনীয়তা, স্পেসিফিকেশন এবং কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে কার্যাবলী সম্পাদন করা।</li> <li>১০. দলের এক সদস্যের সাথে অন্যের সহায়তার মাধ্যমে দলীয় লক্ষ্য, প্রয়োজনীয়তা এবং সচেতনতা অর্জন নিশ্চিত করা।</li> <li>১১. স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি অনুসরণ করে স্বীকৃত রিপোর্টিং করা।</li> <li>১২. দলে বর্তমানে সম্মুখীন এবং সম্ভাব্য সমস্যাগুলি চিহ্নিত করা।</li> <li>১৩. কার্য শেষে কর্মস্থল সঠিক ভাবে পরিষ্কার করা।</li> <li>১৪. ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করা।</li> </ol>
শিক্ষার্থীর স্বাক্ষর	তারিখ
অ্যাসেসরের স্বাক্ষর	তারিখ
মান নিয়ন্ত্রকের স্বাক্ষর	তারিখ
অ্যাসেসরের মন্তব্য	
অ্যাসেসরের প্রতিক্রিয়া	



উত্তর সমূহঃ উত্তর ৪.১, উত্তর ৪.২, উত্তর ৪.৩ এবং উত্তর ৪.৪ প্রশিক্ষার্থীকে উত্তর সমূহ ইনফরমেশন শীট ৪.১, ৪.২, ৪.৩ এবং ৪.৪ এর সাথে মিলিয়ে নিতে হবে।



মডিউল কন্টেন্ট

### মডিউল ডেসক্রিপটর :

এই মডিউলটি কর্মক্ষেত্রে যোগাযোগ সম্পাদন করতে প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান, এবং মনোভাব অন্তর্ভুক্ত। এ ইউনিটটিতে বিশেষভাবে মৌখিক নির্দেশনাবলী সম্পাদন, কর্মক্ষেত্রে ডকুমেন্টগুলি পড়া এবং বুঝা, কর্মক্ষেত্রে মিটিং এবং আলোচনায় অংশগ্রহণ করা অন্তর্ভুক্ত।



### শিখন ফল

এই ইনফরমেশন শীট আয়ত্ব করার পর প্রশিক্ষনার্থী নিচে উল্লেখিত বিষয়ে জ্ঞান অর্জন করবে :

১.১ মৌখিক নির্দেশনাবলী সম্পাদন

১.২ কর্মক্ষেত্রে ডকুমেন্ট পড়া এবং বুঝা

১.৩ কর্মক্ষেত্রে মিটিং এবং আলোচনায় অংশগ্রহণ

প্রশিক্ষকের জন্য শিখন ফল অর্জনের জন্য নির্দেশনা

- প্রশিক্ষকগণ অনুগ্রহ করে ইনফরমেশন শীট উল্লেখিত বিষয়গুলি প্রশিক্ষনার্থীকে একাধিকবার ভালোভাবে বুঝিয়ে দিবেন এবং
- পাঠদানের সময় কর্মক্ষেত্রে যোগাযোগ সম্পাদন এর নমুনা দলগতভাবে দেখাবেন।



### কর্মক্ষমতা নির্ণায়ক

১. মৌখিকভাবে নির্দেশনাবলী নেওয়া।
২. আরও বেশি তথ্য পেতে এবং বিষয়গুলো স্পষ্ট করতে প্রশ্ন করা।
৩. তথ্য ও নির্দেশনাবলী রেকর্ড করা।
৪. কর্মক্ষেত্রে ডকুমেন্টগুলি স্ট্যান্ডার্ড অনুযায়ী ব্যাখ্যা করা।
৫. সহকর্মী/ সুপারভাইজারের কাছ থেকে বোধগম্যতার জন্য প্রয়োজনে সহায়তা গ্রহণ করা।
৬. ভিজুয়াল তথ্য, চিত্র, চিহ্ন বুঝা এবং অনুসরণ করা।
৭. উপযুক্ত উৎস থেকে নির্দিষ্ট এবং প্রাসঙ্গিক তথ্য নেওয়া।
৮. তথ্য ও ধারণাগুলি স্থানান্তর করার জন্য উপযুক্ত মাধ্যমটি ব্যবহার করা।
৯. যথাসময়ে দলীয় সভায় উপস্থিত হওয়া এবং বৈঠক পদ্ধতি এবং শিষ্টাচার অনুসরণ করা।
১০. বাধা ছাড়াই নিজস্ব মতামত প্রকাশ করা এবং অন্যের মতামত শোনা।
১১. সভার উদ্দেশ্য ও বাস্তবায়িত ফলাফল অনুসারে মতামত বা তথ্য সরবরাহ করা।



## শিখন ফল : ১.১ মৌখিক নির্দেশনাবলী সম্পাদন



### সূচিপত্র

- মৌখিক নির্দেশনাবলী
- মিটিং মিনিটস



### মূল্যায়ন নির্ণায়ক

- মৌখিকভাবে নির্দেশনাবলী নেওয়া।
- আরও বেশি তথ্য পেতে এবং বিষয়গুলো স্পষ্ট করতে প্রশংসা করা বা আরও তথ্য অর্জন করতে বলা।
- তথ্য বা নির্দেশনাবলী রেকর্ড করা।



### প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষণার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- মিটিং মিনিটস এর নমুনা
- কোম্পানির নিয়মকানুন শীট
- কলম
- নোটখাতা



### লার্নিং অ্যাক্টিভিটি ১.১

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
মৌখিক নির্দেশনাবলী সম্পাদন	ইনফরমেশন শীট ১.১ সেলফ-চেক কুইজ ১.১ উত্তরমালা ১.১



### ইনফরমেশন শীট ১.১

#### ভূমিকা :

অবস্থান, কাজের ধরণ বা ব্যক্তিগত সম্পর্ক নির্বিশেষে প্রত্যেককেই কিছু সময় অন্য কারও দ্বারা প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হয়। কর্মক্ষেত্রে বিভিন্ন ডব বিভাগের দলের জন্য এটি অপরিহার্য।

#### মূল আলোচনা :

##### সুপারভাইজার বা দলের নেতার মৌখিক নির্দেশনাবলী-

আপনি কোন প্রকল্পে কাজ করছেন, কিছু নির্মাণ করছেন, কোন ইভেন্টের নেতৃত্ব দিচ্ছেন বা কোন কিছু অর্জনের জন্য একটি দলগত প্রচেষ্টাতে অংশ নিচ্ছেন, দিকনির্দেশনা অনুসরণ করা বাধ্যতামূলক। একই সময়ে, সেই দিকনির্দেশনা অবশ্যই চিন্তাভাবনা করে ভালভাবে জানাতে হবে। কর্মক্ষেত্রে আপনি কীভাবে একজন ভাল অনুসারি হতে পারেন সে সম্পর্কে কিছু ধারণা দেওয়া হল-

- নির্দেশনা মনোযোগ সহকারে শুনুন এবং টুকে নিন।
- কিছু বুঝতে সমস্যা হলে, সুপারভাইজারের বক্তব্য শেষে প্রশংসা করুন।
- নেতার গুরুত্বপূর্ণ নির্দেশ অনুসরণ করুন।
- সুপারভাইজারের বক্তব্যের সময় ইতিবাচক মনোভাব রাখুন।
- আপনার কাজের অংশ সম্পর্কে নির্দেশনার গুরুত্ব দিন এবং অন্যের ভূমিকা সম্পর্কে উদ্দিগড়ব না হন।

- আপনার কাজটি যদি সম্পূর্ণ করেন তবে অন্য কাউকে সহায়তা করার প্রস্তাব দিন।
- আপনার কাজের বিবরণীতে যদি নির্দিষ্ট কাজটি উল্লেখ না করা হয় তবে উদ্দিগড়ব হবেন না।
- কোনও কিছু জিজ্ঞাসা করার এবং আপনার উত্তর জানা না থাকলে, জানার আহ্ব প্রকাশ করুন।
- উত্তর খুঁজে পেতে আপনার সুপারভাইজার বা ম্যানেজারের কাছে যান, যারা জানেন না তাদের কাছে নয়।
- অভিযোগ বা হাহাকার করবেন না।
- একটি চেকলিস্ট তৈরি করুন।

### মিটিং মিনিটস

দলীয় সভা বা মিটিংয়ের সময় মিটিং চলাকালীন সময়ে যেসব গুরুত্বপূর্ণ বিষয়গুলো আলোচনা হয়েছিল এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহকে লিপিবদ্ধ করে যে ডকুমেন্ট প্রস্তুত করা হয় তাকে মিটিং মিনিটস বলে। সভায় কী আলোচনা হয়েছিল সে সম্পর্কে যারা সভায় অংশ নেননি তাদের অবহিত করতে বা সভার সময় কী সিদ্ধান্ত গৃহীত হয়েছিল সে সম্পর্কে অবহিত রাখার জন্য সভার কার্যাবলী লিপিবদ্ধ করা হয়। পরবর্তীতে যাতে সভার সিদ্ধান্তসমূহ পুনর্বিবেচনা এবং ভবিষ্যতের জন্য ব্যবহার করা যায় সেজন্যও এটি গুরুত্বপূর্ণ। মিটিং মিনিটস এর সাথে মূলত পাঁচটি বিষয় জড়িত রয়েছে :

- ১) পূর্ব পরিকল্পনা
- ২) সভায় রেকর্ড গ্রহণ
- ৩) মিটিংস রচনা বা প্রতিলিপি
- ৪) মিটিং মিনিটস ভাগ করে নেওয়া
- ৫) ভবিষ্যতের রেফারেন্সের জন্য ফাইলিং বা সংরক্ষণ

নিম্নে মিটিং মিনিটস এর নমুনা আকার দেওয়া হলো :

Meeting Title			
Meeting called by	Name		
Type of meeting	Type of meeting		
Facilitator	Facilitator name		
Note taker	Note taker name		
Timekeeper	Timekeeper name		
Attendees	Attendees		
<b>Agenda Topic 1</b>			
Discussion	Enter discussion		
Conclusions	Enter conclusions		
Action Items	Person Responsible	Deadline	
Action item 1	Presenter Name	Date	Time
Action item 2	Presenter Name	Date	Time

### কোম্পানির নিয়মকানুন

একজন কর্মচারী হিসাবে আপনাকে কোম্পানির কর্মচারী হ্যান্ডবুকে বর্ণিত কোম্পানির বিধিবিধান মেনে চলতে হবে।

### কাজের পরিকল্পনা

একটি কাজের পরিকল্পনা একটি লিখিত নথি যা কোন কাজকে সম্পাদন করার জন্য তৈরি করা হয়। এর মূল উদ্দেশ্য হচ্ছে কাজের বিভিন্ন ডব লক্ষ্যের জন্য কার্যপরিধি সাজানোর মাধ্যমে ঐ কাজের জন্য নির্ভরযোগ্য স্ট্যান্ডার্ড তৈরি করা। দলের প্রত্যেক সদস্যকে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা, অগ্রগতি এবং বর্তমান পরিস্থিতির ভিত্তিতে হালনাগাদ করা।

## কাজের নির্দেশনা

কাজের স্ট্যান্ডার্ড নির্দেশনা হলো এমন নির্দেশনাবলী যা আপনার উৎপাদন প্রক্রিয়া সুসংগত, সময়োপযোগী এবং পুনরাবৃত্তিযোগ্য হয় তা নিশ্চিত করার জন্য ডিজাইন করা থাকে। প্রায়ই কাজের স্ট্যান্ডার্ড নির্দেশনাবলী মুদ্রণ করা হয় এবং অপারেটরের কাজের স্টেশনের কাছে লাগিয়ে দেওয়া হয়।



### সেলফ-চেক কুইজ ১.১

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

#### নমুনা প্রশ্ন :

১. সুপারভাইজার বা দলের নেতার মৌখিক নির্দেশনাবলী বলতে কি বুঝায় ?
২. মিটিং মিনিটস এর সাথে কয়টি বিষয় জড়িত ?
৩. কিছু বুঝতে সমস্যা হলে, সুপারভাইজারের বক্তব্য ----- করুন।
৪. কর্মচারী হিসাবে আপনাকে কোম্পানির কর্মচারী হ্যান্ডবুককে বর্ণিত ----- মেনে চলতে হবে।

#### ব্যবহারিক :

১. নিজ নিজ কোম্পানির কর্মচারী হ্যান্ডবুক দলগত ভাবে আলোচনা সম্পূর্ণ করা।
২. কর্মক্ষেত্রের অনুরূপ মিটিং মিনিটস এর নমুনা গঠন করা।



### শিখন ফল : ১.২ কর্মক্ষেত্রে ডকুমেন্ট পড়া এবং বুঝা



#### সূচিপত্র

- কর্মক্ষেত্রের ডকুমেন্টস
- ভিজুয়াল তথ্য/ চিত্র/ চিহ্ন
- উপযুক্ত উৎসসমূহ



#### মূল্যায়ন নির্ণায়ক

- কর্মক্ষেত্রের ডকুমেন্ট স্ট্যান্ডার্ড অনুযায়ী ব্যাখ্যা করা।
- সহকর্মী/ সুপারভাইজারের কাছ থেকে বোধগম্যতার জন্য প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করা।
- ভিজুয়াল তথ্য/ চিত্র/ চিহ্নগুলি বোঝা এবং অনুসরণ করা।
- উপযুক্ত উৎস থেকে নির্দিষ্ট এবং প্রাসঙ্গিক তথ্য নেওয়া।
- তথ্য ও ধারণাগুলি স্থানান্তর করার জন্য উপযুক্ত মাধ্যমটি ব্যবহার করা।



#### প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- কলম
- নোটখাতা
- যোগাযোগের আনুষ্ঠানিক এবং
- আনুষ্ঠানিক ডকুমেন্ট



## লার্নিং অ্যাক্টিভিটি ১.২

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
কর্মক্ষেত্রে ডকুমেন্ট পড়া এবং বুঝা	ইনফরমেশন শীট ১.২ সেলফ-চেক কুইজ ১.২ উত্তরমালা ১.২



## ইনফরমেশন শীট ১.২

### মূল আলোচনা :

**উপযুক্ত উৎসসমূহ :** কর্মক্ষেত্রের যে কোন তথ্য ও উপযুক্ত কার্যাবলীর নির্দেশনা গ্রহণের জন্য সুনির্দিষ্ট উৎস রয়েছে। তাই কোন কাজের নির্দেশনা বা আদেশ যথার্থ কিনা তা জেনে নেওয়া প্রয়োজন। যেহেতু টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে যে কোন সময়ই গুজব ছড়াতে পারে। তাই নিম্নলিখিত উৎসগুলোর প্রদত্ত নির্দেশনাই গ্রহণ করা উচিত।

### ক) হিউম্যান রিসোর্স বা মানবসম্পদ বিভাগ

একটি সংস্থার বা কোম্পানির মানবসম্পদ বিভাগকে তার কর্মীদের প্রশিক্ষণ এবং বিকাশের দায়িত্ব দেওয়া হয়, যারা কোম্পানির কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্থান হিসাবে বিবেচিত হয়। মানবসম্পদ বিভাগের লক্ষ্য হলো-

- লোকবল-কর্মচারী নিয়োগ এবং প্রতিভা ব্যবস্থাপনা
- প্রশিক্ষণ ও উন্নয়ন
- কমপ্লায়েন্স এবং স্থায়িত্ব
- ক্ষতিপূরণ এবং সুবিধা
- প্রশাসন এবং সমর্থন
- ছাঁটাই

### ম্যানেজার/ ব্যবস্থাপক

একজন কর্মচারী যে বিভাগে কাজ করে সেই বিভাগের প্রধান থাকেন একজন ম্যানেজার। উক্ত বিভাগের সকল প্রকার কাজ ও কাজের নির্দেশনা তার মাধ্যমেই বিন্যস্ত হয়। একজন ম্যানেজার সাধারণত প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নিম্নলিখিত দায়িত্বগুলো পালন করেন-

- কাজের পরিকল্পনা
- সমন্বয়
- কর্মচারীদের ছুটি সংক্রান্ত প্রাথমিক অনুমোদন
- দৈনিক উৎপাদন লক্ষ্যমাত্রাপূরণ
- পণ্যের কোয়ালিটি সংক্রান্ত কার্যাবলী
- মেশিনের মেইন্টেন্যান্সের জন্য গাইডলাইন প্রণয়ন
- প্রোডাকশন নথিভুক্তি
- পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়বলী বাস্তবায়ন

### সুপারভাইজার

সুপারভাইজার ম্যানেজারের অধীনস্থ একজন কর্মচারী। তিনি ম্যানেজারের নির্দেশনা অনুযায়ী সকল প্রকার কাজ সম্পাদন প্রত্যক্ষভাবে তদারকি করেন। সুপারভাইজারের প্রধান কাজের মধ্যে রয়েছে-

- কর্মীদের তদারকি
- কার্য প্রক্রিয়াগুলি পরিচালনা ও পর্যবেক্ষণ
- বিভাগের লক্ষ্যপূরণ
- প্রশিক্ষণ, কাউন্সেলিং এবং কর্মীদের শৃঙ্খলাবদ্ধ করা
- পরিকল্পনা এবং কাজের ফলাফল মূল্যায়ন করা
- রিপোর্টিং



## সেলফ-চেক কুইজ ১.২

নিম্নলিখিত প্রশ্নেড়বর উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

### নমুনা প্রশ্ন :

১. সুপারভাইজারের প্রধান কাজগুলো লিখ।
২. হিউম্যান রিসোর্স বা মানবসম্পদ বিভাগ বলতে কি বুঝায় ?
৩. একটি কোম্পানির মানবসম্পদ বিভাগকে তার কর্মীদের ----- এবং ----- দায়িত্ব দেওয়া হয়।
৪. একজন ম্যানেজারের সাধারণত প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নিম্নলিখিত দায়িত্ব নয় কোনটি ?
- ক. দৈনিক উৎপাদন লক্ষমাত্রাপূরণ থ. প্রোডাকশন নথিভুক্তি
- গ. কোম্পানির জমি ক্রয় করা
- ঘ. দৈনিক উৎপাদন লক্ষমাত্রাপূরণ
- নিম্নলিখিত বক্তব্যগুলোর মধ্যে সত্য/ মিথ্যা যাচাই
৫. মানবসম্পদ বিভাগকে তার কর্মীদের প্রশিক্ষণ এবং বিকাশের দায়িত্ব দেওয়া হয়েছে।
৬. ম্যানেজার সুপারভাইজারের অধীনস্থ।
৭. মানবসম্পদ বিভাগ কর্মক্ষেত্রে কাজের পরিকল্পনা করে।

### ব্যবহারিক :

১. কর্মক্ষেত্রের সাথে সম্পর্কিত মানবসম্পদ বিভাগ এবং সুপারভাইজারের দায়িত্ব দলগতভাবে আলোচনা।



শিখন ফল : ১.৩ কর্মক্ষেত্রে মিটিং এবং আলোচনায় অংশগ্রহণ



### সূচিপত্র

- মিটিং বা সভা
- সভার পরিকল্পনা
- সভা পরিচালনা



### মূল্যায়ন নির্ণায়ক

- যথাসময়ে দলীয় সভায় উপস্থিত হওয়া এবং বৈঠক পদ্ধতি এবং শিষ্টাচার অনুসরণ করা।
- বাধা ছাড়াই নিজস্ব মতামত প্রকাশ করা এবং অন্যের মতামত শোনা।
- সভার উদ্দেশ্য ও বাস্তবায়িত ফলাফল অনুসারে মতামত/তথ্য সরবরাহ করা।

### প্রয়োজনীয় উপকরণ

প্রশিক্ষার্থীদের নিম্নলিখিত উপকরণ অবশ্যই প্রদান করতে হবে :

- কলম
- নোটখাতা



### লার্নিং অ্যাক্টিভিটি ১.৩

লার্নিং অ্যাক্টিভিটি	লার্নিং অ্যাক্টিভিটি রিসোর্স / বিশেষ নির্দেশনাবলী
কর্মক্ষেত্রে মিটিং এবং আলোচনায় অংশগ্রহণ	ইনফরমেশন শীট ১.৩ সেলফ-চেক কুইজ ১.৩ উত্তরমালা ১.৩



## ইনফরমেশন শীট ১.৩

### মূল আলোচনা :

মিটিং বা সভা : কোন বিষয় নিয়ে আলোচনার উদ্দেশ্যে একটি গ্রুপের সম্মিলিত ইচ্ছা বা সিদ্ধান্ত প্রকাশের অন্যতম উপযুক্ত মাধ্যমে হচ্ছে মিটিং বা সভা। বিশেষ করে ব্যবসায়ের সভায় একটি সুসংগঠিত গোষ্ঠী সংসদীয় প্রক্রিয়ায় প্রচলিত এবং গ্রহণযোগ্য নিয়মাবলী থেকে বিভিন্নভাবে আদেশ এবং আচরণ গ্রহণ করে। সংসদীয় প্রক্রিয়া হলো একটি আদর্শ আচরণ কোড যা বিশেষভাবে তৈরি পরিস্থিতিতে সম্বোধন করা হয় এবং যা নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য সভায় একত্রিত হওয়া লোকের মতামতের গুরুত্ব দেয়।

### সভার উদ্দেশ্য :

- তড়িঘড়ি এবং অবিবেচিত পদক্ষেপ থেকে সভাকে রক্ষা।
- প্রতিটি সদস্যকে সমান শুনানির অধিকার প্রদান করা।
- সংখ্যাগরিষ্ঠের ইচ্ছা নির্ধারণ এবং সংখ্যালঘুদের মতের গুরুত্ব দেয়া।

### সভার পরিকল্পনা

সভা হলো এমন একটি সমাবেশ যা নির্দিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য বা কোন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য নির্দিষ্ট স্থানে অনুষ্ঠিত হয়। সভা আয়োজন করতে নিম্নলিখিত বিষয় আগেই পরিকল্পনা করা উচিত-

- সভার স্থান এবং সময়
- সদস্যদের অবহিত করার পদ্ধতি
- অর্ডার করার জন্য সভায় ফোন করা ব্যক্তি
- সভার উদ্দেশ্য ব্যাখ্যা করার জন্য ব্যক্তি
- আলোচ্যসূচি
- প্রস্তাবনার একটি সেট আগেই খসড়া করা

### সভা পরিচালনা

#### সভা পরিচালকের নির্দিষ্ট দায়িত্ব :

- কর্মক্ষেত্রের যথার্থ সময় সভাটি আহ্বান করা।
- সম্পূর্ণ সভায় সভাপতিত্ব করা।
- সভার শুরুতেই বিদ্যমান ও অতীত বিষয়গুলো উত্থাপন করা।
- সভায় বর্তমান সমস্যাগুলো উত্থাপন এবং আলোচনা প্রস্তাব।
- যে সমস্ত প্রশ্নের জন্য ভোট প্রয়োজন তা সভার শেষে উত্থাপন।
- সম্পূর্ণ আলোচনা ও প্রস্তাবনা শেষে চূড়ান্ত সিদ্ধান্ত সমূহের সারাংশ টানা।
- আনুষ্ঠানিকভাবে সমাপ্তি বা স্থগিতাদেশ ঘোষণা।

#### সভায় উপস্থিত সদস্যবৃন্দের নির্দিষ্ট দায়িত্ব সমূহ নিম্নরূপ :

- কোন মতামত দেওয়ার আগে সভার প্রধানের কাছ থেকে অনুমতি নেওয়া।
- মতামত থাকলে বা কোন তথ্য পেতে চাইলে বিতর্কে অংশ নেওয়া।
- বিতর্ক চলাকালীন অশালীন আচরণ করা থেকে বিরত থাকা।
- সমাপ্তি বা স্থগিত ঘোষণা না করা পর্যন্ত সভায় থাকা।
- কাউকে উদ্দেশ্য করে কিছু বলার সময় সম্মান প্রদর্শন করে বলা।
- সীমিত প্রশ্ন করা।
- উর্বতন কোন অফিসারের বা সদস্যের নাম উল্লেখ না করা।
- ফিসফিস করে, ঘোরাঘুরি করে সমাবেশকে বিরক্ত না করা।
- ভাষা ও স্বভাবের ক্ষেত্রে বিনয়ী হওয়া।



## সেলফ-চেক কুইজ ১.৩

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার উপলব্ধি চেক করুন।

### নমুনা প্রশ্ন :

১. সভার উদ্দেশ্য কি ?
২. সভার সদস্যবৃন্দের দায়িত্ব লিখুন।
৩. সভায় উপস্থিত সদস্যবৃন্দের নির্দিষ্ট দায়িত্ব লিপিবদ্ধ করুন।
৪. সভা পরিচালকের নির্দিষ্ট দায়িত্ব সমূহ কি ?

### ব্যবহারিক :

১. আপনার কোম্পানির একটি সভা পরিচালনার নমুনা করুন।





জব শীট

শিক্ষার্থীর জব শীট-১	
কোয়ালিফিকেশন	সুইং মেশিন অপারেশন
লার্নিং ইউনিট	কর্মক্ষেত্রে যোগাযোগ সম্পাদন
শিক্ষার্থীর নাম	
পারসোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট (পিপিই)	মাস্ক এবং এ্যাপ্রোন
উপকরণ	কলম, পেন্সিল, ইরেজার, জব অর্ডার, লে-আউট ইত্যাদি
যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	
কর্মক্ষমতা নির্ণায়ক	<ol style="list-style-type: none"> <li>১. মৌখিকভাবে নির্দেশনাবলী নেওয়া।</li> <li>২. আরও বেশি তথ্য পেতে এবং বিষয়গুলো স্পষ্ট করতে প্রশ্ন করা।</li> <li>৩. তথ্য ও নির্দেশাবলী রেকর্ড করা।</li> <li>৪. কর্মক্ষেত্রের ডকুমেন্টগুলি স্ট্যান্ডার্ড অনুযায়ী ব্যাখ্যা করা।</li> <li>৫. সহকর্মী/ সুপারভাইজারের কাছ থেকে বোধগম্যতার জন্য প্রয়োজনে সহায়তা গ্রহণ করা।</li> <li>৬. উপযুক্ত উৎস থেকে নির্দিষ্ট এবং প্রাসঙ্গিক তথ্য নেওয়া।</li> <li>৭. তথ্য ও ধারণাগুলি স্থানান্তর করার জন্য উপযুক্ত মাধ্যমটি ব্যবহার করা।</li> <li>৮. যথাসময়ে দলীয় সভায় উপস্থিত হওয়া এবং বৈঠক পদ্ধতি এবং শিষ্টাচার অনুসরণ করা।</li> <li>৯. বাধা ছাড়াই নিজস্ব মতামত প্রকাশ করা এবং অন্যের মতামত শোনা।</li> <li>১০. সভার উদ্দেশ্য ও বাস্তবায়িত ফলাফল অনুসারে মতামত বা তথ্য সরবরাহ করা।</li> </ol>
মেজারমেন্ট	
নোট	জবের প্রয়োজন অনুসারে পরিমাণমত উপকরণ নেওয়া
পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. মৌখিকভাবে নির্দেশনাবলী নেওয়া।</li> <li>২. প্রাপ্ত নির্দেশাবলী নোটখাতায় রেকর্ড করা।</li> <li>৩. কর্মক্ষেত্রের ডকুমেন্টগুলি স্ট্যান্ডার্ড অনুযায়ী ব্যাখ্যা করা।</li> <li>৪. সুপারভাইজারের কাছ থেকে বোধগম্যতার জন্য প্রয়োজনে সহায়তা গ্রহণ করা।</li> <li>৫. তথ্য আদান-প্রদানে উপযুক্ত মাধ্যমটি ব্যবহার করা।</li> <li>৬. যথাসময়ে দলীয় সভায় উপস্থিত হওয়া।</li> <li>৭. দলীয় সভায় বৈঠক পদ্ধতি এবং শিষ্টাচার অনুসরণ করা।</li> <li>৮. নিজস্ব মতামত প্রকাশ করা এবং অন্যের মতামত শোনা এবং মিটিং এর শেষ পর্যন্ত উপস্থিত থাকা।</li> </ol>
শিক্ষার্থীর স্বাক্ষর	তারিখ
অ্যাসেসরের স্বাক্ষর	তারিখ
মান নিয়ন্ত্রকের স্বাক্ষর	তারিখ
অ্যাসেসরের মন্তব্য	
অ্যাসেসরের প্রতিক্রিয়া	



উওরমালা

উওর ১.১, উওর ১.২ এবং উওর ১.৩

প্রশিক্ষার্থীকে উওর সমূহ ইনফরমেশন শীট ১.১, ১.২ এবং ১.৩ এর সাথে মিলিয়ে নিতে হবে।



প্রাথমিক আইটি দক্ষতা প্রয়োগ করাঃ




মডিউল কন্টেন্ট

### Carry out measurements and calculations & sketches and drawings

#### মানব দেহের বিবিধ অঙ্গসমূহের তালিকা এবং শরীরের বিভিন্ন অংশের পরিমাপ (The list different parts of a human body and the body measuring process)

- (১) **ঝুল (Length):** জামার লম্বাকে ঝুল বলা হয়। অর্থাৎ কাঁধ থেকে জামার নিচ ডর্যন্ত দৈর্ঘ্যকে ঝুল বলে।
- (২) **পুট (Put):** মেরুদন্ডের সবচেয়ে উপরের হাড় থেকে কাঁধের উপরের উচু হাড় পর্যন্ত মাপকে বলা হয় পুট।
- (৩) **পুট হাতা (Put & Sleeves):** পুটের সাথে হাতার লম্বা জুড়লেই পুট হাতার মাপ পাওয়া যায়।
- (৪) **হাতা (Sleeves):** কাঁধের উপরের উচু হাড় থেকে কজির নিচ পর্যন্ত মাপকে হাতা বলা হয়।
- (৫) **ছাতি (Chest):** বুকের ঘেরের মাপকে ছাতি বলা হয়।
- (৬) **গলা (Neck):** মেরুদন্ডের সবচেয়ে উপরের হাড়ের উপর দিয়ে গলার চারপাশে ঘুরানো মাপকে বলে গলার মাপ।
- (৭) **মুহুরী (Wrist):** হাতের কজির চারপাশে ঘুড়িয়ে যে মাপ নেয়া হয় তাকে বলে মুহুরী।
- (৮) **সেস্ত (Natural wrist):** মেরুদন্ডের উপরের হাড় থেকে কোমর পর্যন্ত মাপকে বলা হয় সেস্ত।
- (৯) **কোমর (Waist):** কোমরের চারপাশ ঘুরিয়ে যে মাপ নেয় হয়, তাকে বলে কোমড় মাপ।
- (১০) **সিটি (Seat):** প্যান্ট, হাপ প্যান্ট বা পায়জামা তৈরির ক্ষেত্রে এই মাপ দরকার হয়।
- (১১) **প্যান্টের লম্বা বা ঝুল (Length of the pants):** কোমর থেকে পায়ের গোড়ালি পর্যন্ত মাপকে প্যান্টের ঝুল বলা হয়।
- (১২) **হাঁটু (Knee):** হাঁটুর মালাই চাকির ঠিক মাঝখানে হাঁটুকে ঘিরে এ মাপ নেয়া হয়।
- (১৩) **সেকম (Leg length):** দুই পায়ের বাঁকের ভেতর দিয়ে যে মাপ পাওয়া যায়, তাকে বলা হয় সেকম।
- (১৪) **প্যান্টের মুহুরী (Bottom of the pants):** হাঁটুর মাপ থেকে ২/৩ ইঞ্চি কম করে ধরলে প্যান্টের মুহুরী মাপ পাওয়া যায়।
- (১৫) **কোমর (Waist):** কোমরের চারপাশ বেড় দিয়ে এই মাপ নেয়া হয়।
- (১৬) **স্মল (Small):** হাঁটুর মালাই চাকির ঠিক মাঝখানের নিচ পায়ের চারপাশে দিয়ে ঘুরিয়ে এই মাপ নিতে হয়।
- (১৭) **কনুই (Elbow):** হাতে কনুই ভেঙ্গে কনুই এর চারপাশে টিলেভাবে ধরে এ মাপ নিতে হয়।
- (১৮) **হেড (Head):** কানের সামান্য উপরে সমস্ত মাথা ঘুরিয়ে যে মাপ নেয়া হয়, তাই হেড।



চিত্রঃ পুরুষের দেহের বিভিন্ন অংশের মাপ

পোশাকের দৈর্ঘ্য, পোশাকের ধরন ও ডিজাইনের উপর নির্ভরশীল


কাফ সাইজ	২৭	২৮	২৯	৩০	৩১	৩১.৬	৩২.২	৩২.৮	৩৩.৪
প্যান্টের বটন	২৩.৫	২৪	২৪.৫	২৫	২৫.৫	২৬	২৬	২৬	২৬
জিনস বটন	২০.৫	২১.	২১.৫	২২	২২.৫	২৩	২৩	২৩	২৩

জামার মাপ


গলার মাপ	৩৭	৩৮	৩৯	৪০	৪১	৪২	৪৩	৪৪	৪৫	
ক	উক্ষ	৮৮	৯২	৯৬	১০০	১০৪	১০৮	১১২	১১৬	১২০
ছ-বা	স্কাই ডেপথ	২২.০	২২.৮	২৩.৬	২৪.৪	২৫.২	২৬	২৬.৮	২৭.৬	২৮.৪
ছ-জ	স্বাভাবিক কোমর উচ্চতা	৪৩.৪	৪৪.৮	৪৪.২	৪৪.৬	৪৫	৪৫	৪৫	৪৫	৪৫
ঙ-চ	ঘাফ ব্যাক	১৮.৫	১৯	১৯.৫	২০	২০.৫	২১	২১.৫	২২	২২.৫
ছ-ড	কাটেও হাতার দৈর্ঘ্য	৮৭	৮৮	৮৮	৮৯	৮৯	৯০	৯০	৯০	৯০
শার্টের দৈর্ঘ্য		৭৬	৭৮	৮০	৮১	৮১	৮২	৮২	৮২	৮২
কাফ সাইজ		২২	২২.৫	২২.৫	২৩	২৩	২৩.৫	২৩.৫	২৪	২৪

আদর্শ মাপ অপেক্ষা অধিক খাট/লম্বা লোকের জন্য মাপের সমন্বয়

		খাট ১৬২-১৭০ সে.মি.	লম্বা ১৭৮-১৮৬ সে.মি.
ছ-জ	স্বাভাবিক কোমর উচ্চতা	- ২ সে.মি.	++ ২ সে.মি
ছ-বা	স্কাই ডেপথ	- ১ সে.মি.	+ ১ সে.মি
ছ-ড	হাতার দৈর্ঘ্য পোশাকের দৈর্ঘ্য	- ২.৫ সে.মি. - ৪ সে.মি	+ ২.৫ সে.মি. + ৪ সে.মি.
ঢ-ত	ভিতরের দিকে পায়ের দৈর্ঘ্য	-৪ সে.মি.	+ ৪ সে.মি.
থ-দ	বডি রাইজ	অপরিবর্তিত	+ ১ সে.মি.




চিত্র ৪ মহিলাদের দেহের সম্মুখের ছবি ও ভিন্ন অংশের মাপ



চিত্র ৪ মহিলার দেহের পার্শ্ব ছবি ও বিভিন্ন অংশের মাপ






চিত্র ৪ মহিলাদের দেহের পিছন দিকের ছবি ও বিভিন্ন অংশের মাপ

(পরিমাপ)

Measurement শব্দের অর্থ পরিমাপ। Garments এর ভাষায় পোমাকের পরিমাপ করাকে measurement বলে।  
Garments শিল্পের ২ (দুই) ধরনের Measurement করা হয়।

- i) CM Measurement
- ii) Inch Measurement

Centimeter Measurement: Garments Industry- তে যখন আমরা পরিমাপ করার সময় সে.মি. ব্যবহার করি তাহাকে Centimeter Measurement বলে।



আমরা জানি,

১০ মিমি	=	১ সে.মি.
১ মিমি	=	০.১ সে.মি.
২ মিমি	=	০.২ সে.মি.
৩ মিমি	=	০.৩ সে.মি.
৪ মিমি	=	০.৪ সে.মি.
৫ মিমি	=	০.৫ সে.মি.
৬ মিমি	=	০.৬ সে.মি.
৭ মিমি	=	০.৭ সে.মি.
৮ মিমি	=	০.৮ সে.মি.
৯ মিমি	=	০.৯ সে.মি.
১ ইঞ্চি	=	২.৫৪ সে.মি.
২৪ ইঞ্চি x ২.৫৪ সে.মি.	=	২.৫৪ সে.মি.
৬০.৯৬ সে.মি. / ২.৫৪ সে.মি.	=	২৪ ইঞ্চি


আমরা Centimeter Measurement পদ্ধতিতে যখন সে.মি. ও মি.মি. এক সাথে পরিমাপ করব তখন অবশ্যই সে.মি. প্রকাশ করব।

Inch Measurement: Garments Industry- তে যখন আমরা পরিমাপ করার সময় ইঞ্চি ব্যবহার করি তাহাকে Inch Measurement বলে।

১ অর্ধ সুতা	=	১/১৬ ইঞ্চি
২ অর্ধ সুতা	=	২/১৬ ইঞ্চি
৩ অর্ধ সুতা	=	৩/১৬ ইঞ্চি
৪ অর্ধ সুতা	=	৪/১৬ ইঞ্চি
৫ অর্ধ সুতা	=	৫/১৬ ইঞ্চি
৬ অর্ধ সুতা	=	৬/১৬ ইঞ্চি
৭ অর্ধ সুতা	=	৭/১৬ ইঞ্চি
৮ অর্ধ সুতা	=	৮/১৬ ইঞ্চি
১৫ অর্ধ সুতা	=	১৫/১৬ ইঞ্চি

১ ইঞ্চিঃ ১. ১/২ সুতা = ১.৩/১৬ ইঞ্চিঃ

১ ইঞ্চিঃ ৩.১/২ সুতা = ১. ৭/১৬ ইঞ্চিঃ



১ ইঞ্চিঃ

## Understand basics of fashion design and product development

**ফ্যাশন ডিজাইন কি? ফ্যাশন ডিজাইনার কারা?**

ফ্যাশন ডিজাইন একটি সামগ্রিক চিন্তা। কারো জীবনকে নান্দনিক করতে যত ধরণের বাহ্যিক জিনিস (পোশাক, খাবার, শিক্ষা, সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান, চিকিৎসা, যোগাযোগ ইত্যাদি) এর প্রয়োজন তার সবটাই ফ্যাশনের আওতাধীন। আর এর গঠনতান্ত্রিক পরিকল্পনা করাকেই ফ্যাশন ডিজাইন বলা যায়।

আমরা ফ্যাশান এর নানা দিকের মধ্যে পোশাক এর দিক থেকে পরিকল্পনাগুলোকে বাস্তবে রূপ দিতে যা যা করা দরকার, তার সবই করবো। এক এক দেশের মানুষের শারীরিক গঠন ও পোশাক এক এক রকম। স্থান, কাল, পাত্র, জলবায়ু, আবহাওয়ার ওপর নির্ভর করে সময়ের চাহিদাকে বিভিন্ন শ্রেণীর ক্রেতাগোষ্ঠীর সাধ এবং সাধের মধ্যে ডিজাইন ও রঙের অপূর্ব সমন্বয়ে যারা পছন্দের পোশাকটি ডিজাইন করে থাকে, তারাই ফ্যাশন ডিজাইনার।

ফ্যাশন এর বিভিন্ন প্রকারের প্রভাব রয়েছে। যথাঃ সামাজিক, প্রযুক্তিগত, রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, ধর্মীয় ইত্যাদি।

**ফ্যাশন ডিজাইনের নীতি:**

ফ্যাশন ডিজাইন করতে কিছু নীতি অনুসরণ করতে হয় এবং তদনুযায়ী পরিকল্পনা সাজাতে হয়। ফ্যাশন ডিজাইনের বেশ কিছু সাধারণ নীতি আছে, যা সারা পৃথিবীতে সকল ফ্যাশন ডিজাইনারদের কাছে সমান ভাবে সমাদৃত। সেগুলো হলঃ

- ঐক্য বা একতা;
- জোর বা গুরুত্ব;
- অনুপাত বা সঙ্গতি;
- ভারসাম্য বা সমতা;
- তাল বা ছন্দ;

**ফ্যাশন ডিজাইন প্রক্রিয়া:**

একটি ডিজাইন পরিকল্পনা করার পরে সেটা বাস্তবে রূপ দিতে যে ধাপগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করতে হয় তাই ডিজাইন প্রক্রিয়া নামে পরিচিত। শুরুতেই লক্ষ্য রাখতে হবে- প্রত্যেক ডিজাইনারই স্বকীয় এবং প্রত্যেকের কাজের প্রক্রিয়া ভিন্ন হতে পারে। তবে কিছু কাজ আছে যা সকলের একক প্রক্রিয়ায় সম্পন্ন করতে হয় যেমনঃ

- গবেষণা;
- নকশা;
- উৎপাদন;
- পণ্যদ্রব্য বিপণন;
- খুচরো বিক্রয় প্রক্রিয়া, ইত্যাদি।

### ফ্যাশন স্কেচ:

ফ্যাশন স্কেচ বলতে একটি পোশাকের ধারণা বা চিন্তাকে পেন্সিলের সাহায্যে খাতায় বা কাগজে ফুটিয়ে তোলাকে বোঝায়। ফ্যাশন ডিজাইনের ক্ষেত্রে স্কেচ অন্যতম প্রধান কাজ। স্কেচ সাধারণতঃ প্রাথমিক ধারণা বা চিন্তাকে অন্যদের সহজে বোঝাতে পারে। তাই প্রত্যেক ডিজাইনারই ফ্যাশন স্কেচ অংকনে পারদর্শিতা অর্জন করে থাকেন। ফ্যাশন ডিজাইনের স্কেচ সাধারণত কয়েক ভাবে করা যায়। প্রধান ২টি ফ্যাশান স্কেচের প্রকার:

#### ১) ফ্ল্যাট স্কেচ ও ২) ডিটেইলস স্কেচ

এর মধ্যে রয়েছে -

- মানব দেহ অঙ্কন;
- পোশাক অঙ্কন ;
- ক্লোদিং মেটেরিয়ালস অঙ্কন ;
- বিভিন্ন ধরনের রঙের ব্যবহারে অঙ্কন ইত্যাদি।

### বিভিন্ন ধরনের পেন্সিলের সাথে পরিচয়:

ফ্যাশন ডিজাইনের স্কেচের জন্য বিভিন্ন ধরনের পেন্সিলের প্রয়োজন হয়। যেমনঃ 9H, 8H, 7H, 6H, 5H, 4H, 3H, 2H, H, F, HB, B, 2B, 3B, 4B, 5B, 6B, 7B, 8B, 9B etc. এখানে উল্লিখিত সকল পেন্সিল গ্রে কালারের হবে। কিন্তু এগুলো ছাড়াও আরও অনেক ধরনের ফ্যাশন ডিজাইনের স্কেচের পেন্সিল আছে। যেমনঃ কালার পেন্সিল, জল রঙ পেন্সিল, মোম রঙ পেন্সিল, প্যাস্টেল রঙের পেন্সিল ইত্যাদি।

### ফ্যাশন ডিজাইনারের ভূমিকা এবং দায়িত্ব

একজন ফ্যাশন ডিজাইনারের অনেক প্রয়োজনীয় ভূমিকা ও গুরু দায়িত্ব রয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হলো:

- সাংস্কৃতিক ধারা বজায় রাখা;
- নিত্য-নতুন চাহিদা অনুসারে ডিজাইন করা এবং যোগান দেয়া;
- বাজার গবেষণা করা;
- পোশাকের ভবিষ্যৎ নিয়ে চিন্তা করা ও সে অনুসারে কাজ করা;
- ফ্যাশানের নীতি অনুযায়ী ক্রয় ক্ষমতার ভিতরে থাকে এমন ডিজাইন করা;
- এ সবেের বাইরে, নিজের কাজের ক্ষেত্রে স্কেচ ডিজাইন করা, প্যাটার্ন তৈরি করা, কাপড় কাটা, সেলাই করা, ফিনিশিং করা, বাজারজাত করা ইত্যাদি।

### পণ্য উন্নয়নের জন্য উপকরণ চিহ্নিতকরণ

- পণ্য উন্নয়নের বিভিন্ন উপকরণ রয়েছে। যেগুলো ভালভাবে চিনতে হবে।
- পণ্য উন্নয়নের বিভিন্ন উপকরণের ভিতর ক্লোদিং মেটেরিয়ালস চিনতে হয়, স্পেক শিট ভালভাবে পড়তে ও জানতে হয়।
- মেজারমেন্ট শিট থেকে পরিমাপের বিবরণ নিয়ে স্পেক শিট অনুসারে পণ্য উন্নয়নের বিভিন্ন উপকরণ চিহ্নিত করতে হবে।
- উপযুক্ত উপকরণ চিহ্নিত করতে পারা একজন ফ্যাশন ডিজাইনারের অন্যতম বৈশিষ্ট্য।

### উপকরণ রূপান্তরের জন্য পণ্য উন্নয়ন প্রক্রিয়া চিহ্নিতকরণ

কাঁচামাল থেকে পণ্য তৈরি করা বা এক রূপ থেকে অন্য রূপে রূপান্তরিত করার প্রক্রিয়ায় প্রতিটা কাজেরই স্বকীয়তা রয়েছে। যেমন:

- পণ্য উন্নয়ন প্রক্রিয়ার ধারণা;
- গবেষণা;
- বিশ্লেষণ;
- নির্বাচন করা;
- প্রাক-অনুমোদন;
- উন্নয়ন;



- চূড়ান্ত অনুমোদন ;
- পণ্য উদ্বোধন;

#### পণ্য উন্নয়নের জন্য কাঁচামাল চিহ্নিতকরণ:

পণ্য উন্নয়নের জন্য কাঁচামাল চিহ্নিত করা অত্যন্ত সুচারু কাজ। সময়, স্থান, ঋতু, আবহাওয়া, জনসংখ্যা, আর্থিক অবস্থা, সামাজিক অবস্থা, ধর্মীয় বিশ্বাস ও অনুভূতি, রাজনৈতিক মতাদর্শ, মানুষের চাহিদা, সংস্কৃতি ইত্যাদি বিবেচনায় রেখে একজন ডিজাইনার তার ডিজাইন করে থাকেন। এজন্য অবশ্যই পণ্য উন্নয়নের সঠিক কাঁচামাল চিহ্নিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেমন: কাপড় নির্বাচনের ক্ষেত্রে খেয়াল রাখতে হবে তা যেন দ্রুত ক্ষমতার ভিতর থাকে, আবার দ্রুত ক্ষমতার ভিতর রাখতে গিয়ে যেন সামাজিক অবস্থা ক্ষুণ্ণ না হয়, সে দিক খেয়াল রাখতে গিয়ে মানুষের চাহিদা নেই এমন পোশাক তৈরি করলেও চলবেনা।

#### পণ্য উন্নয়নকারীর ভূমিকা এবং দায়িত্ব:

একজন পণ্য উন্নয়নকারীর বিভিন্ন ধরনের ভূমিকা ও দায়িত্ব রয়েছে। যেমন:

- সামাজিক ও সাংস্কৃতিক ধারা বজায় রাখা;
- প্রযুক্তির সাথে তাল মিলিয়ে পণ্য উন্নয়ন করা;
- রাজনৈতিক মতাদর্শের সম্মান করা ও রক্ষা করা;
- অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে পণ্য উন্নয়ন করা;
- ধর্মীয় বিশ্বাস ও অনুভূতির দিকে লক্ষ্য রেখে পণ্য উন্নয়ন করা, ইত্যাদি।

#### প্রযুক্তিগত স্কেচশীট এবং পরিমাপশীট:

টেকনিক্যাল স্কেচশীট ও মেজারমেন্টশীট একজন ফ্যাশন ডিজাইনের জন্য খুবই প্রয়োজনীয় ডকুমেন্ট। একটি পোশাক দেখতে কেমন হবে, তার পাশাপাশি পোশাকের কোথায় কী ধরনের সেলাই থাকবে, কী কাপড় হবে, কত সাইজের হবে, কত কপি হবে ইত্যাদি এ শীটগুলোতে দেয়া থাকে। একজন দক্ষ ফ্যাশন ডিজাইনার হতে হলে টেকনিক্যাল স্কেচশীট ও মেজারমেন্টশীট পড়তে জানতে হবে এবং এর ভিতরে কোন পরিবর্তন ও পরিবর্ধন করতে হলে সেটা কিভাবে করতে হয় সেটাও জানা থাকতে হবে। মডিউল থেকে সাহায্য নিয়ে টেকনিক্যাল স্কেচশীট ও মেজারমেন্টশীট কীভাবে পড়তে হয় সেটা ক্লাসে শিখানো নিয়মের সাথে মিলিয়ে আয়ত্ত্ব করতে হবে।

#### প্রযুক্তিগত স্কেচ শীট এবং পরিমাপ শীট:

টেকনিক্যাল স্কেচ শীট ও মেজারমেন্ট শীটের কিছু বিষয় যা জানা থাকা অত্যন্ত জরুরি তা হল:

- চিত্রণ;
- ফ্ল্যাট স্কেচ;
- নির্মাণ, সেলাই এবং এর ধরন;
- সীম বসানোর ধরন;
- ট্রিম এবং কাপড়;
- মাপ;
- টুকরা পণ্য বা সোয়াচ;

#### নকশা উপাদান:

এলিমেন্ট অফ ডিজাইন বা নকশার উপাদান বলতে একটি পোশাক ডিজাইন করতে যে সকল প্রত্যক্ষ ও পরোক্ষ উপাদান লাগে সেগুলোকে বোঝায়। আপনার কল্পনাকে বাস্তবে রূপ দিতে যে উপাদানগুলো লাগবে এখানে সে উপাদানগুলো বোঝান হয়। যেমন:

- লাইন;
- আকৃতি;
- জমিন;
- রঙ;
- মান;

### • নকশা উপাদান;

প্রতিটি নকশার উপাদান কয়েক ভাগে ভাগ করা যায়। নকশার উপাদানগুলো একটি পোশাককে বিভিন্নভাবে উপস্থাপন করতে পারে। গ্রাহকের চাহিদা অনুসারে পোশাক বানাতে এটি অত্যন্ত সহায়ক।

### প্রযুক্তিগত স্কেচ শীট তৈরি করার উপযুক্ত সরঞ্জাম নির্বাচন করাঃ

প্রযুক্তিগত স্কেচ শীট তৈরি করতে প্রথমেই একটি পরিমাপ শীট বা মেজারমেন্ট শীট লাগবে। এরপর বিভিন্ন মাপের পেন্সিল লাগবে। পূর্ব থেকে গবেষণা করা ও বিশ্লেষণ করা তথ্যের উপর ভিত্তি করে স্কেচ এর কাজ শুরু করতে হয়। তাই সেই তথ্যশীটটি অবশ্যই লাগবে। ভাল মানের খাতা লাগবে।

### পরিমাপ শীট অনুসারে মানব দেহ অঙ্কনঃ

মানব দেহ অঙ্কন করার জন্য দেহের ভারসাম্য ও অনুপাত অবলোকন করতে হবে। একটি ফ্যাশন স্কেচ এর উচ্চতা সাধারণত ২৪ সেগমিঃ হয়ে থাকে। একটি বিষয় খুব গুরুত্ব দিয়ে খেয়াল করতে হবে যে, ফ্যাশান স্কেচ এর জন্য মাথার আকার সম্পূর্ণ দেহের আকারের সাথে সামঞ্জস্য থাকবে। মানব দেহ অঙ্কনের জন্য ২৪ সেগমিঃ ফিগার অঙ্কনের নিয়মিত চর্চা করতে হবে এবং এর ১/৮ অংশ মাথার জন্য রাখতে হবে। এর মাধ্যমে একটি দেহের সকল মাপ, বিভিন্ন অংশের অনুপাত ও ভারসাম্যগুলো স্থায়ীভাবে মাথায় বসে যাবে। এবারে মডিউল এর অনুসরণ করে ক্লাসে দেখানো নিয়ম অনুসারে ফিগার অঙ্কন করতে হবে।

### পোশাক অলঙ্করণঃ

পোশাক এর বাহ্যিক সৌন্দর্য বৃদ্ধি করার জন্য যে কারিগরি দক্ষতা ব্যবহার করা হয় তাকে পোশাক অলঙ্করণ বলে। এটি বিভিন্ন ভাবে করা যেতে পারে। আমরা কিছু বিশেষ অলঙ্করণ পদ্ধতি সম্পর্কে শিখব। যেমনঃ ব্লক, বাটিক, স্ক্রিন প্রিন্ট, টাই ডাই, হাত পেইন্ট, সূচিকর্ম ইত্যাদি।

### ব্লকপ্রিন্টঃ

প্রয়োজনীয় উপকরণ:

- ব্লকডাইস, পাতলা ফোম, রং গোলানোর পাত্র, চামচ, প্রয়োজনীয় কেমিকেল, প্রিন্ট করার জন্য কাপড়;

### হ্যান্ডপ্রিন্টঃ

প্রয়োজনীয় উপকরণ:

- ডিজাইন করার জন্য যেকোন মাধ্যম (তুলি, কলম, বাঁশ, কাঠি ইত্যাদি), রং গোলানোর পাত্র, চামচ, প্রয়োজনীয় ক্যামিকেল, প্রিন্ট করার জন্য কাপড়,

### ব্লকপ্রিন্ট ও হ্যান্ডপ্রিন্ট করার পক্রিয়াঃ

প্রথমে একটি পাত্রে পরিমান মত বাইন্ডিং এজেন্ট ও থিকনিং এজেন্ট নিয়ে ভালভাবে মেশাতে হবে। তারপরে এরসাথে পরিমানমত রং নিয়ে ভালভাবে মেশাতে হবে। মিশ্রণ তৈরি হয়ে গেলে প্রিন্ট করার ঠিক আগমুহুর্তে পরিমানমত ফিল্মিং এজেন্ট দিতে হবে। ফিল্মিং এজেন্ট দেয়ার কয়েক ঘন্টার মধ্যেই প্রিন্ট সম্পন্ন করতে হবে, তা না হলে কেমিকেল নষ্ট হয়ে যাবে। এরপরে মিশ্রিত রং এর উপরে পাতলা ফোম দিয়ে তার উপর ডাইস দিয়ে হালকা করে চাপ দিয়ে রং নিয়ে কাপড়ের উপরে চাপ দিলেই প্রিন্ট হয়ে যাবে। এভাবে যে কোন ডিজাইনের ডাইস দিয়ে ডিজাইন তৈরি করা যাবে। ডিজাইন করা কাপড়টি কমপক্ষে আটঘন্টা ছায়াযুক্ত স্থানে শুকাতে হবে। গরম পানিতে ধোয়া যাবেনা এবং ভালভাবে শুকানোর পরে কাপড়ের উল্টো পাশে আয়রন করে কিউরিং করতে হবে। উল্লেখ্য, যে কাপড়টিতে ডিজাইন করা হবে সে কাপড়টি অবশ্যই মাড়মুক্ত পরিষ্কার কাপড় হতে হবে।

### স্ক্রিনপ্রিন্টঃ

প্রয়োজনীয় উপকরণ:

স্ক্রিন ফ্রেম ও তার আনুষঙ্গিক উপকরণ, লাইট বক্স/স্ক্রিন ক্যামেরা, ট্রেসিং পেপার ও প্রিন্টার, হটগান/উন্নতমানের হেয়ারড্রায়ার, রং গোলানোর পাত্র, চামচ, প্রয়োজনীয় কেমিকেল, প্রিন্ট করার জন্য কাপড়।

### প্রিন্ট করার প্রক্রিয়াঃ

প্রথমে স্ক্রিনপ্রিন্ট করার জন্য একটি বর্গাকৃতি বা আয়তাকৃতির ফ্রেম তৈরি করতে হবে। এরপর ফ্রেমে ভাল করে স্ক্রিন ফেব্রিক লাগানোর জন্য উন্নতমানের আঠা লাগাতে হবে ও তাতে ম্যাশ কাপড় লাগাতে হবে। ফ্রেম তৈরি হয়ে গেলে এতে ডিজাইন তোলার প্রস্তুতি নিতে হবে। এ জন্য এক বিশেষ আলোক সংবেদনশীল কেমিকেল, সিএফএল লাইট বক্স ও স্বচ্ছ পেপার (ডিজাইন এর ড্রেসিং পেপার) ব্যবহার করা হয়। ফ্রেমে ডিজাইন তোলার প্রক্রিয়া শেষ হলে ভালভাবে পানি দিয়ে কেটে শুকাতে হবে।

এরপর একটি পাত্রে পরিমান মত বাইন্ডিং এজেন্ট ও থিকনিং এজেন্ট নিয়ে ভাল ভাবে মেশাতে হবে। তারপরে এরসাথে পরিমান মত রং নিয়ে ভালভাবে মেশাতে হবে। মিশ্রন তৈরি হয়ে গেলে প্রিন্ট করার ঠিক আগমুহুর্তে পরিমান মত ফিল্মিং এজেন্ট দিতে হবে। লক্ষ্য রাখতে হবে, ফিল্মিং এজেন্ট দেয়ার কয়েক ঘন্টার মধ্যেই প্রিন্ট সম্পন্ন করতে হবে, তা না হলে কেমিকেল নষ্ট হয়ে যাবে। এরপরে মিশ্রিত রং স্ক্রিন পিন্টের জন্য তৈরিকৃত ফ্রেমের উপর নিয়ে ফ্রেমটি কাপড়ের উপর সুনির্দিষ্ট স্থানে রেখে প্রিন্ট করতে হবে। এভাবে যে কোন ডিজাইনের স্ক্রিন দিয়ে যে কোন ডিজাইন ই তৈরি করা যাবে। ডিজাইন করা কাপড়টি কমপক্ষে আটঘন্টা ছায়ায়ুক্ত স্থানে শুকাতে হবে। গরম পানিতে ধোয়া যাবেনা। এবং ভালভাবে শুকানোর পণ্ডে কাপড়ের উল্ট পাশে আয়রন করে কিউরিং করতে হবে।

উল্লেখ্য, যে কাপড়টিতে ডিজাইন করা হবে সে কাপড়টি অবশ্যই মাড়মুক্ত পরিষ্কার কাপড় হতে হবে।

### স্ক্রিন প্রিন্টের মাধ্যমে বেশ কয়েকটি জনপ্রিয় প্রিন্ট করা যায়। যেমনঃ

- এম্বুশ প্রিন্ট বা প্যাফ প্রিন্ট;
- মেটালিক প্রিন্ট;
- ফয়েল প্রিন্ট;
- গ্লিটার প্রিন্ট;
- সুগার প্রিন্ট;
- ফটোপ্রিন্ট ;
- হাই ডেসিটি প্রিন্ট;
- রাবার প্রিন্ট;
- পিগমেন্ট প্রিন্ট ইত্যাদি ।

উক্ত সকল প্রিন্ট এর জন্য আলাদা আলাদা কেমিকেল ও প্রস্তুত প্রণালী রয়েছে। যা আমরা বিস্তারিতভাবে জানতে পারবো।

### টাই ডাইঃ

এখানেই বোঝা যাচ্ছে টাইডাই আসলে সহজ একটা পদ্ধতি। এক টুকরো কাপড়কে শক্ত করে বেঁধে সেটাকে রং-এ ডুবালে বাঁধা অংশের ভেতর রঙ ঢুকতে পারে না। রং শুধুমাত্র খোলা অংশে বসে এবং বাঁধা অংশের ফাঁকে ফাঁকে ঢুকতে চেষ্টা করে নিজে নিজেই একটা রং-এর ডিজাইন সৃষ্টি করে, যা হচ্ছে টাই ডাই-এর অনন্য বৈশিষ্ট্য।

টাইডাই এর নক্সা জ্যামিতিক ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত, সরলরেখা এদের মধ্যেই সীমাবদ্ধ। কাজেই এর নকশা বা ডিজাইনটি বেশ সহজ কিন্তু শ্রমসাধ্য। এই পদ্ধতিতে কাপড়ের একটা অংশ সুতা বা অন্য কোন ফিতা দিয়ে এমনভাবে শক্ত করে বাঁধা হয় যাতে ঐ স্থানে রং ঢুকতে না পারে। বাটিতে আগাগোড়া ঠান্ডা রং ব্যবহার করতে হয় (বাটিকে মোম থাকে বলে গরম রং ব্যবহার করলে মোম উঠে যাবে)।

### প্রয়োজনীয় উপকরণ :


১. মোটা সুতা
২. মোটা সুই
৩. পেনসিল
৪. পলিথিন ব্যাগ
৫. রং গোলানোর পাত্র
৬. রং ইত্যাদি।

### বাঁধার বিভিন্ন পদ্ধতি:

বিভিন্নভাবে বেঁধে টাইডাই-এর বিভিন্ন ডিজাইন করা হয়। এখানে কয়েকটি পদ্ধতির বর্ণনা দেওয়া হল। সব সময়ই খুব শক্ত করে সুতার বাঁধনটি দিতে হবে।


### লম্বালম্বি পদ্ধতি:

প্রথমে কাপড়টি ধুয়ে মাড় ফেলে দিতে হবে। এরপর কাপড় ইঞ্জি করে নিলে আঁকতে সুবিধা হয়। পেন্সিল দিয়ে লম্বা



সরলরেখা এঁকে বরাবর মোটা সুতা দিয়ে বড়-বড় কাঁথা স্টিচ দিয়ে যেতে হবে (১ নম্বর ছবি)

পেন্সিল দিয়ে সরলরেখা এঁকে দাগ বরাবর কাঁথা সেলাই দেওয়া



সুই খুলে রেখে  
বুনন জড় করা

বুনন জড় করে এনে শক্ত  
করে প্রাথমিক বন্ধন দেওয়া

প্রাথমিক বন্ধনের  
উপরে বেশি সুতা

এরপর সুই খুলে বুনন জড় করে আনতে হবে (২ নম্বর চিত্র)। যখন দেখা যাবে বুনন আর ঘন করা সম্ভব হচ্ছে না, তখন শক্ত করে বাঁধতে হবে (৩ নম্বর চিত্র)। একে বলা হয় প্রাথমিক বন্ধন। এরপর এই প্রাথমিক বন্ধনের উপর শক্ত করে আরো কয়েকবার সুতা ঘুরাতে হবে (৪ নম্বর চিত্র) যাতে করে রঙ-এ ডুবালে এ ঢাকা অংশটিতে রং লাগতে না পারে।

### ত্রিভুজ

ইচ্ছানুযায়ী মাপে কেনো ত্রিভুজ এঁকে বুন সুতা দিয়ে বেঁধে রং করে পাবেন ত্রিভুজ।

### বৃত্ত

বৃত্ত সব সময় ভালোভাবে এঁকে নিতে হবে। আঁকার পর দাগে-দাগে বোনা শেষ করে প্রাথমিক-বন্ধন, সুতা পেচানো এবং রং করা।

### ডাবল বৃত্ত


এক্ষেত্রে দ্বিতীয় বৃত্তটি আসে আরো সহজে। সেলাই শেষে প্রাথমিক বন্ধন দেবার আগমুহুর্তে কাপড়ের মাথাটি বন্ধনের গর্তে ঢুকিয়ে দিতে হবে। এবার অন্যান্যবারের মতো শক্তবাঁধন এবং বার বার সুতা পেচিয়ে রং করবেন।

## রং করার পদ্ধতি

বাটিক করতে হয় শুধু ঠান্ডা রং দিয়ে কিন্তু টাই ডাই করার জন্য সবধরনের রং ব্যবহার করা যায় মোমের ঝামেলা নেই বলে টাই ডাই করা সহজ। ভ্যাট, ন্যাপথল, সালফার, র্যাপিড, ইন্ডিগো ইত্যাদি যে কোনো রং ব্যবহার করা যেতে পারে। শাড়ি বা বড় কোনো কাপড়ে যেসব অংশে রং ছাড়া থাকবে অর্থাৎ যে অংশে রং হবে না সেসব অংশ পলিথিন দিয়ে ঢেকে নিতে হয়। যেমন শাড়ি করার সময় পাড়ে আর্চল বাদে বাকি অংশ পলিথিনে ঢেকে নেওয়া হয়। এতে করে শুধু প্রয়োজনীয় অংশেই রং বসে। কাপড় বিভিন্ন রং দিয়ে রাঙানো যায়। ইদানিং সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে প্রুশিয়ান রং। এ ছাড়া অন্যান্য অনেক প্রকার রং আছে। এক এক রঙের কাপড়ে বসার পদ্ধতি এক এক রকম।

## ঘরোয়া পরিবেশে রিয়েকটিভ বা প্রুশিয়ান রং করার পদ্ধতি

এ পদ্ধতিকে কাপড় সবচেয়ে বেশি রাঙানো হয়। হলুদ, লাল, সবুজ, বেগুনি ইত্যাদি রং পাওয়া যায়। পাউডার রং বিক্রি হয় গ্রাম বা তোলা হিসাবে। প্রুশিয়ার পদ্ধতিতে রং করতে অন্যান্য উপকরণ খুব কম লাগে বলে এ পদ্ধতিটি সবচেয়ে বেশি প্রচলিত। ছোট একটি কাচ বা প্লাষ্টিকের পাত্রে কসুম-গরম পানিতে রং গুলে নিতে হবে (চামচ দিয়ে গোলা ভালো, হাতে গুললে হাতে রং বসে যায়। দীর্ঘদিনেও যায় না) এবার কাপড় ভিজতে যতটা পানি দরকার ততটা পানিতে গোলা রং ঢেলে দিতে হবে। রং একটু নাড়লেই নিজে নিজে মিশে যাবে।



এবার নির্দিষ্ট কাপড়টি রঙিন পানিতে ডুবতে হবে। মাঝে-মাঝে নাড়াচাড়া করতে হয় নইলে রং সমানভাবে বসে না। এভাবে ১৫ মিনিট পর রঙের পানিতে লবন দিতে হবে (লবন আগে আধা কাপ পানিতে গুলে নেয়া সবচেয়ে ভালো)। এবার নাড়াচাড়া করে ১৫ মিনিট পর সোডা দিতে হবে। সোডা দেবার পরও ৩০ মিনিট রং রাখতে হবে। মাঝেমাঝে নাড়াচাড়া করা হয় সোডা রং লবন এসব কাপড়ের সবস্থানে সমানভাবে বসার জন্য)। অর্থাৎ সব মিলে ১ ঘন্টা সময় নেবে। ১৫ মিনিট পর লবন, ১৫ মিনিট পর সোডা, ৩০ মিনিট পর কাপড় ওঠানো, সর্বমোট ৬০ মিনিট রং হবে কাপড়।

১ ঘন্টা পর তুলে কাপড় শুকালে তারপর পানিতে ধুতে হবে। যতক্ষণ কাপড় থেকে বাড়তি রং বের হবে ততক্ষণ কাপড় ধুতে হবে। এসব ব্যাপারে নদী বা পুকুর হলে সবচেয়ে ভালো হয়। ধোয়া শেষে ছায়ায় শুকাতে হবে। ছায়ায় শুকানোর পর কাপড়টি ডুবে থাকতে যতটা পানি দরকার ততটা পানিতে পরিমাণ মতো গুড়ো সাবান দিয়ে ফুটে উঠলে সেই ফুটন্ত পানিতে কাপড়টি ৫-৬ মিনিট সিদ্ধ করলে রং পাকা হবে।

## এক গজ কাপড়ের জন্য যে যে উপকরণ দরকার:

রং : এক তোলা

লবন : চার চা তোলা


সোডা : দুই চা চামচ

সাবান : ৫০ গ্রাম

সবশেষে সূতা কাটলে পাওয়া যাবে চমৎকার ডিজাইন, যা এতক্ষণ বাঁধার মধ্যে লুকিয়েছিল।

## শাড়ীতে টাইডাই করার নিয়ম :


শাড়ী এবং ওড়নায় টাইডাই করার জন্য ভাঁজ করা এবং বাঁধার (টাই) বিভিন্ন পদ্ধতি নিচে চিত্রের সাহায্যে দেখানো হলো -



শাড়ীর ভাঁজ

শাড়ীর পাড় -এ দুইবার স্টিচ

প্রথম ও দ্বিতীয় উভয় অংশই হালকা রংএ ডুবানো শুধু শেষাংশ গাঢ় রঙে ডুবানো শুধু শেষাংশ গাঢ় রঙে ডুবানো প্রথম একটি বন্ধনের ভিতরে



আরেকবার

সারা ওড়না জুড়ে ছোট ছোট সূতার পুটলি সূতা

পেঁচালে যে ডিজাইন হয়

বঁধে রঙে ডুবিয়ে ওড়নাতে ডিজাইন

সুই দিয়ে বুনে যাওয়া প্রাথমিক বন্ধনে সূতা পেঁচালে যে ডিজাইন আসে বরফি একে শক্ত করে প্রাথমিক বন্ধন দিয়ে রঙে ডুবালে আসবে বরফি

ন্যাপথল দ্বারা টাইডাই করার পদ্ধতি

এই রং টাইডাই এবং বাটিক এই দুই এর জন্যেই উপযোগী। এই রং সূতি ও অন্যান্য কাপড়েও করা যায়। তবে জর্জেট টাইডাই এর জন্যে সবচেয়ে বেশী উপযোগী।

## ন্যাপথল রং তেরি করার উপকরণ

- ১। ন্যাপথন- AS
- ২। ন্যাপথন- BS
- ৩। কস্টিক সোডা
- ৪। মনোপল সোপ
- ৫। এলোমোনিয়াম সালফেট (এলমিনা)
- ৬। সোডিয়াম নাইট্রাইট (নাইট্রিক )
- ৭। H<sub>2</sub> SO<sub>4</sub> (সালফিউরিক এসিড)
- ৮। ন্যাপথন রং ( যেমন -GBC চকলেট, GC কমলা)

### ন্যাপথন রং এর প্রস্তুত প্রণালী: (প্রথম পাত্র)

একটি এনামেল অথবা মাটির পাত্রে এক লিটার ঠান্ডা পানিতে গজ প্রতি

(১) ন্যাপথন AS এক চা চামচ =  $\frac{1}{2}$  তোলা

(২) ন্যাপথন - BS এক চা চামচ =  $\frac{1}{2}$  তোলা

(৩) মনোপল সোপ এক চা চামচ ঐ পাত্রের পানিতে হাতের সাহায্যে মিশিয়ে এক চা চামচ কস্টিক সোডা চামচের সাহায্যে মিশিয়ে ঐ দ্রবণকে উনারের হালকা আঁচে ফুটাতে হবে এবং নামিয়ে ঠান্ডা করতে হবে।

দ্বিতীয় দ্রবণের প্রস্তুত প্রণালী: একটি এনামেল অথবা মাটির পাত্রের ১ লিটার ঠান্ডা পানিতে গজ প্রতি:

(১) ন্যাপথন রং ১ চা চামচ =  $\frac{1}{2}$  তোলা (যে কোন বর্ণের)

(২) এলমিনা গুড়া ১ চা চামচ =  $\frac{1}{2}$  তোলা (যে কোন বর্ণের)

(৩) এলমিনা গুড়া ১ চা চামচ =  $\frac{1}{2}$  তোলা

(৪) নাইট্রিক ১ চা চামচ

(৫) H<sub>2</sub> SO<sub>4</sub> ১ থেকে ২ চা চামচ।

এই চারটি দ্রবণ একত্রে ভালভাবে মিশিয়ে পাতলা কাপড় দিয়ে ছেঁকে নিতে হবে। এখন যে কাপড়টি রং করব সে কাপড়টিকে ৩০ মিনিট ঠান্ডা পানিতে ভিজিয়ে নিতে হবে। এখন কাপড়টিকে প্রথম পাত্রের দ্রবণে ৫ মি: ভালভাবে নাড়াচাড়া করলেই রং হয়ে যাবে। কিছুক্ষণ পর ঠান্ডা পানিতে ভালভাবে ধুয়ে ছায়ার শুকাতে হবে। কয়েকঘন্টা পর দুই লিটার ফুটন্ত গরম পানির সাথে পরিমাণ মতো সাবান গুড়া দিতে হবে। সাবান গলে গেলে কাপড়টিকে (কাপড়টি ৩০ মি: পূর্বেই ঠান্ডা পানিতে ভিজিয়ে রাখতে হবে ঐ সাবান গলা ফুটন্ত পানিতে ৫ থেকে ৭ মিনিট ভালভাবে ফুটিয়ে আবার ঠান্ডা পানি দিয়ে ভালভাবে ধুয়ে ছায়ার শুকাতে হবে। যদি টাইডাই হয় তবে বাঁধন খুলে তারপর সাবান পানিতে ফুটাতে হবে।

### বিভিন্ন ধরনের ন্যাপথন রং এর মিশ্রণ

(ক) মেজেন্টা, গজ প্রতি:

(১) M.N ----- ৫ গ্রাম

(২) স্কার্লেট RC সল্ট ১০ গ্রাম

(৩) ব্লু সল্ট B----- ১০ গ্রাম

(৪) কস্টিক সোডা  $১\frac{1}{2}$  থেকে ২ চামচ

(৫) মনোপল সোপ ---১ চা চামচ

(খ) গাড় বেগুনী, গজ প্রতি:

(১) M.N ----- ৫ গ্রাম

(২) As -----  $২\frac{1}{2}$  গ্রাম

(৩) GP সল্ট ----৫ গ্রাম

(৪) ব্লু --- সল্ট --- ৫ গ্রাম

(৫) কস্টিক সোডা ---  $১\frac{1}{2}$  থেকে ২ চা চামচ



(গ) নীল, গজ প্রতি:

(১) BN or MN -----৫গ্রাম

(২) ব্লু সল্ট -B ----- ১০ গ্রাম

(৩) কস্টিক সোডা ---  $১ \frac{১}{২}$  চা চামচ

(৪) মনোপল সোপ ---- ১ চা চামচ

(ঘ) কালো গজ প্রতি:

(১) BN or MN -----৫ গ্রাম

(২) ব্লেক সল্ট K ---- ১০ গ্রাম

(৩) কস্টিক সোডা ----  $১ \frac{১}{২}$  চা চামচ

(৪) মনোপল সোপ ----- ১ চা চামচ

### বাটিক

টেক্সটাইল প্রিন্টিং এর বিভিন্ন পদ্ধতি এবং ষ্টাইলগুলির মধ্যে বাটিক ষ্টাইল প্রিন্টিং পদ্ধতি একটি স্পেশাল পদ্ধতি। এই বাটিক ষ্টাইল প্রিন্টিংপদ্ধতি অন্য সব ধরনের প্রিন্টিং ষ্টাইল থেকে একটু ভিন্ন আকর্ষণ রয়েছে। সর্ব প্রথম ইন্দোনেশিয়ার জাভা দ্বীপগুলিতে এই বাটিকষ্টাইল প্রিন্টিং এর চর্চা এবং প্রসার লাভ করে। মূলত: বাটিক ইন্দোনেশিয়ান শব্দ। যদি ও পরবর্তীতে এই প্রিন্টিং পদ্ধতিটি দক্ষিণ-পূর্ব ভারত, ইউরোপ এবং আফ্রিকাতে ও ব্যাপক প্রসার লাভ করে এবং বর্তমানে খুব নিপুনতার সাথেই এর প্রয়োগ হচ্ছে বাংলাদেশের

সাধারণত: মোম (Wax) দ্বারা রেজিষ্ট প্রিন্টিং ষ্টাইলেই বাটিক প্রিন্টিং করা হয়ে থাকে। কাপড়ের উভয় দিকেই মোম দ্বারা ডিজাইন করা হয় যাতে রংয়ের দ্রবন বা পানি প্রবেশ করতে না পারে। পরে রংয়ের ঠান্ডা দ্রবণে কাপড় চুবিয়ে নিলে ডিজাইন অনুযায়ী মোম বহির্ভূত স্থানে রং প্রবেশ করে। এই ক্ষেত্রে রংয়ের দ্রবন মোম গলে না যায়। বিভিন্ন প্রকারের রং করতে হলে বারবার মোম লাগিয়ে রংয়ের পাত্রে কাপড়ে পরিপূর্ণ রং পুটিতে তোলার জন্য গরম পানিতে কাপড় সিদ্ধ করতে হয় ফলে মোম গলে প্রিন্টিং এর ডিজাইন বেরিয়ে আসে। অতপরঃ কাপড় ভাল করে ধুয়ে শুকিয়ে নিতে হয়।

বাটিক শিল্প একটি ক্ষুদ্র ও কুটির শিল্পেরই অংশ। অল্প জায়গা এবং কম মূলধনেই শুরু করা যায়। তাই দেশের সর্বত্রই এখন গৃহস্থালীর পাশাপাশি অল্পশিক্ষিত মহিলারা যেমন বাটিক প্রিন্টিং বিদ্যায় পারদর্শী হয়ে উঠেছেন তেমনি বিশ্ববিদ্যালয়ের উচ্চতর ডিগ্রিধারী মহিলারাও এ বিষয়ে যথেষ্ট দক্ষতার পরিচয় দিচ্ছেন।

**বাটিক প্রিন্টিং এর সংজ্ঞাঃ**

কাপড়ের উপর মোম দিয়ে ডিজাইন করে যে কাপড় প্রিন্টিং করা হয় তাকে বাটিক প্রিন্টিং বা বাটিক ডিজাইন বলে। **বাটিক প্রিন্টিং এ সাধারণত: ব্যবহৃত রংসমূহঃ**

(ক) রিয়েকটিভ বা প্রসিয়ন ডাইজ

(খ) ভেজিটেবল বা উদ্ভিদ জাতীয় রং

(গ) ন্যাপথন কালার

(ঘ) ন্যাপথন সল্ট কালার

(ঙ) ভ্যাট (ইনডিগো) ডাইজ ইত্যাদি।

**বাটিকের জন্য কাপড় নির্বাচনঃ**

(১) সব ধরনের সুতি কাপড়। যেমন - লং ক্লথ- চাইনিজ পপলিন, আর্দি, মার্কিন, মলমল, অরগেডি ইত্যাদি

(২) রাজশাহী সিল্ক

(৩) লিলেন

(৪) রেয়ন

(৫) জর্জেট ইত্যাদি।



### বাটিকের জন্য কটন কাপড় প্রস্তুতকরণঃ

বাটিক করার পূর্বে কাপড়কে বিশেষ পদ্ধতিতে ধোলাই করে নিতে হয়। এর মূল কারণ হলো কাপড় বা সূতা থেকে মাড় বা অবাঞ্ছিত দ্রব্য দূরীভূত করা। এর ফলে সূতা সহজে রং গ্রহণ করতে পারে।

### ধোলাই করার প্রয়োজনীয় দ্রব্যসমূহঃ

- (১) কাপড় কাঁচার সোডা
- (২) লবণ
- (৩) পানি

**পদ্ধতি:** প্রথমে কাপড়টিকে ৩০ মি: ঠান্ডা পানিতে ভিজিয়ে রেখে কেঁচে কেঁচে ধুতে হবে। ১ গজ কাপড়ের জন্য দুই লিটার ফুটন্ত গরম পানির সাথে ৬০ গ্রাম (চা চামচের উঁচু করে তিন চামচ) লবণ ২০ গ্রাম (চা চামচের উঁচু করে ১ চামচ) কাপড় কাঁচার সোডা মিশিয়ে ঐ ফুটন্ত গরম পানিতে কাপড়টিকে ১০ থেকে ১৫ মিনিট সিদ্ধ করে উন্ন হতে পাত্রটি নামিয়ে কাপড়টি পাত্রসহ ঐ অবস্থায় ঢাকনা দিয়ে ঢেকে রাখতে হবে ৩০ মিনিট। তারপর ঠান্ডা পানি দিয়ে কেঁচে কেঁচে ভাল করে ধুয়ে শুকিয়ে নিতে হবে।

### বাটিকের জন্য সিল্ক কাপড় প্রস্তুতকরণঃ

একটি রাজশাহী সিল্ক শাড়ীকে ৫ লিটার ঠান্ডা পানিতে ২০ মিনিট ভিজিয়ে রেখে কয়েকবার উঠানামা করতে হবে। তারপর ৫ লিটার ফুটন্ত গরম পানির সাথে একটা শাড়ির জন্য ৬০ গ্রাম (১ ছটাক) কাপড় কাঁচার সোডা অথবা সাবান কুচি কুচি করে কেটে এক টেবিল চামচ পরিমাণ ঐ পানিতে ৩০ মিনিট সিদ্ধ করে পর পর দুইবার গরম পানিতে ধুয়ে আবার দুইবার ঠান্ডা পানিতে ধুতে হবে। তারপর ৫ লিটার পানির সাথে টেবিল চামচের এক চামচ এসিটিক এসিড মিশিয়ে কাপড়টিকে ঐ পানিতে ২০ মিনিট নাড়াচাড়া করে না ধুয়ে এ অবস্থায় শুকিয়ে নিতে হবে। তারপর সিল্ক কাপড়ে বাটিক করতে হবে।

### মোম মিশ্রণঃ

বাটিক করতে হলে ভিন্ন ভিন্ন রং এর জন্য ভিন্ন পদ্ধতিতে মোম মিশ্রণ করতে হয়। নিম্নে উহার পদ্ধতিগত তালিকা দেয়া হলো।

(ক) প্রোসিয়ান (রিয়েকটিভ) রং এর জন্য

- (১) সাদা মোম ৬০% - ১ কেজি
- (২) রজন ৩০%-৫০০% গ্রাম
- (৩) মধু মোম ১০% - ১৭৫ গ্রাম (অনুপাত : ৬+৩+১= ১০ গ্রাম)
- (খ) ন্যাপথল রং এর জন্য মোম মিশ্রণ
- (১) সাদা মোম -১ কেজি
- (২) মধু মোম -১ কেজি
- (গ) ১ গজ কাপড় রং করার জন্য প্রয়োজনীয় উপকরণ
- (১) প্রুশিয়ান রং ১০ গ্রাম = চা চামচের ১ চামচ মাঝারিভাবে
- (২) লবণ ৬০ গ্রাম = চা চামচের তিন চামচের উঁচু করে
- (৩) পানি  $1 \frac{1}{2}$  লিটার থেকে ২ লিটার

(৪) কাপড় কাঁচার সোডা ৫ গ্রাম = চা চামচের  $\frac{1}{2}$  চামচ।

(৫) সময় ১ ঘন্টা


### বাটিক প্রিন্টিং এর পদ্ধতি সমূহঃ

বাটিক সাধারণত: তিনটি পদ্ধতিতে করা যায়। যেমন -

- (ক) ব্লক বাটিক পদ্ধতি (মেটাল ও কাঠ)
- (খ) ব্রাশ বাটিক পদ্ধতি
- (গ) জান্টিং বাটিক পদ্ধতি

### (ক) ব্লক বাটিক পদ্ধতিঃ

মোটা টিন অথবা পাতলা পিতলের সিট দিয়ে ব্লক তৈরী করে ঐ ব্লকের সাহায্যে মোম লাগিয়ে বাটিক করাকে ব্লক বাটিক বলে। নিম্নে ব্লকের চিত্র দেয়া হলো।



ব্লক

ব্লক পদ্ধতিতে বাটিক করতে হলে আলাদা ধরণের টেবিল করতে হয়। টেবিল তৈরির নিয়ম নিম্নরূপঃ

একটি কাঠের টেবিলের উপর চার পাঁচ ভাঁজ চট বিছিয়ে চটের উপর একটি পশমি কম্বল তার উপর  $\frac{2}{8}$  ইঞ্চি ফোম বিছিয়ে ফোমের উপর রেক্সিন বিছাতে হয়। সেই রেক্সিনের উপর কাপড় রেখে গলিত মোমের উপর ব্লক চুবিয়ে ব্লকটিকে ঝেড়ে কাপড়ের উপর ছাপ দিতে হয়।

### (খ) ব্রাশ বাটিক পদ্ধতিঃ

তুলির সাহায্যে কাপড়ে রং দিয়ে নকশা করে ব্রাশের সাহায্যে মোম দিয়ে ঢেকে বাটিক করাকে ব্রাশ বাটিক বলে।

#### কাপড়ের মোম লাগাবার নিয়মঃ

যে কাপড়টি বাটিক করতে হবে প্রথমে নিয়ম অনুযায়ী ধুয়ে নিতে হবে। তারপর কাপড়টিতে কার্বনের সাহায্যে নির্দিষ্ট ডিজাইনটি ছাপ দিয়ে উঠাতে হবে এবং ব্রাশের সাহায্যে কাপড়ের রং এ চুবাবার সময় রং মোম ভেদ করে কাপড়ে না যেতে পারে। কিন্তু মনে রাখতে হবে মোমের পাত্রটি যেন সব সময় চুলার উপর আর্চে থাকে, যেন মোম সব সময় মাঝারি ধরণের গরম থাকে।

#### ব্রাশ বাটিক করার উপকরণঃ

- রং
- ফাইল গাম
- রেজিস্ট সল্ট
- কাপড় কাঁচার সোডা
- ইউরিয়া
- পানি

#### ব্রাশ বাটিকে গাম মিশ্রণঃ

(১) ফাইল গাম ৫ ভাগ

(২) পানি ৯৫ ভাগ

অথবা ১ তোলা গাম মিশাতে আধা সের পানি লাগে।

(৩) সময় ২৪ ঘন্টা

ব্রাশ বাটিক করার ২৪ ঘন্টা পূর্বেই গাম ভিজিয়ে রাখতে হয়। নতুবা গাম রং এর সাথে ভালভাবে না মিশলে কাজ করা যায় না।

ব্রাশ বাটিকের রং তৈরী -


(১) রং ৬ ভাগ

- (২) পানি ২০ ভাগ
- (৩) গুলোনো গাম -৬২ ভাগ
- (৪) রেজিস্ট সল্ট - ১ ভাগ
- (৫) ইউরিয়া -৮ ভাগ
- (৬) কাপড় কাঁচার সোডা -৩ ভাগ

কিন্তু বর্ষার দিনে বা মেঘলা আবহাওয়াতে ইউরিয়া ব্যবহার না করাই ভাল। ইউরিয়া ব্যবহার করলে রং শুকায় না। রং কাপড়ে ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। এই রং এর সময়সীমা ৪ ঘন্টা মাত্র। এর মানে রং তৈরী করার পর ৪ ঘন্টার মধ্যেই কাজ করে শেষ করতে হবে। ব্রাশ বাটিকের কাপড়কে বেশ কয়েক ঘন্টা রোদে শুকাতে হবে। কিন্তু এর বিকল্প হিসেবে কাপড়কে স্টিমিং করলে রোদে দিতে হয় না।


#### (গ) জ্যান্টিং বাটিক পদ্ধতিঃ

জ্যান্টি একটি পিতলের তৈরী বস্তু। যার আকৃতি পানির কেটলির মত বা পাখির মাথার মত সরু নল বিশিষ্ট হয়। উহাকেই জ্যান্টিং বলে। নিম্নে জ্যান্টিং এর একটি চিত্র দেয়া হলো।



জ্যান্টিং

এই জ্যান্টিং এর ভিতর গরম মোম নিতে ঐ নল দিয়ে মোম বাহির হয় এবং কাপড়ের উপর ফ্রি-হ্যান্ড ড্রইং করে বাটিক করাকে জ্যান্টিং পদ্ধতিতে বাটিক প্রিন্ট বলা হয়। এই পদ্ধতিতে বাটিক করতে হলে একটি ভিন্ন ধরণের কাঠের ফ্রেম ব্যবহার করতে হয়। সেই ফ্রেমে কাপড় আটকিয়ে ফ্রি হ্যান্ড ড্রইং করতে হয়। কাঠের ফ্রেমের চিত্র নিম্নে দেওয়া হলো।



কাঠের ফ্রেম

রং করার

#### নিয়ম

সাধারণত: কাপড়ে মোম লাগাবার কয়েক ঘন্টা পর কাপড় রং করতে হয়। কিন্তু প্রয়োজনবোধে সাথে সাথেও রং করা যেতে পারে। যে কাপড়টি রং করা হবে রং করার ৩০ মি: আগে ঠান্ডা পানিতে ভিজিয়ে রাখতে হবে। তারপর এক কাপ কুসুম গরম পানিতে পরিমাণ মত রং গুলিয়ে ঐ গুলোনো রং পরিমাণমত ঠান্ডা পানির সাথে মিশিয়ে যে কাপড়টি রং করবো সেই কাপড়টিকে ঐ গুলোনো


রং এর মধ্যে ১৫ মি: নাড়াচাড়া করতে হবে। তারপর ঐ কাপড়টি রং হতে উঠিয়ে এ রং এর মধ্যেই পরিমাণ মত কাপড় কাঁচার সোডা মিশিয়ে আরও ৩০ মিনিট নাড়াচাড়া করে ঠান্ডা পানিতে চার পাঁচবার ধুয়ে ছায়ায় শুকাতে হবে।

কিন্তু মনে রাখতে হবে রং করার সময় কাপড়টি সবসময় হালকাভাবে নাড়াচাড়া করতে হবে নতুবা বেশী নাড়াচাড়া করতে মোম ভেঙ্গে নকশার বিকৃতি ঘটবে এবং নাড়াচাড়া কম হলে রং সমভাবে লাগবে না।

#### মোম ছাড়াবার নিয়মঃ

সাধারণত: কাপড় রং করার ২৪ ঘন্টা পর মোম ছাড়াতে হয়। (কিন্তু প্রয়োজনবোধে সাথেসাথেও মোম ছাড়ানো যেতে পারে)। যে কাপড়টির মোম ছাড়াতে হবে সেই কাপড়টিকে মোম ছাড়াবার আগে ৩০ মি: ঠান্ডা পানিতে ভিজিয়ে রাখতে হবে। একটি হাঁড়িতে ৩/৪ লিটার ফুটন্ত গরম পানির সাথে পরিমাণ মতো গুড়ো সাবান দিতে হবে। সাবান গলে গেলে যে কাপড়টির মোম ছাড়াবো সেই কাপড়টিকে ঐ ফুটন্ত গরম পানির মধ্যে ১০ থেকে ১৫ মি: সিদ্ধ করে কয়েকবার উঠানামা করে ঐ গরম পানি থেকে উঠিয়ে ঠান্ডা পানিতে ভালভাবে ধুয়ে ছায়ায় শুকাতে হবে।

এক রংয়ে বাটিক করার নিয়ম প্রোসিয়ন  
নিম্নে একটি এক রংয়ের ডিজাইন দেয়া হল।




এক রংয়ের এই নকশাটি ফটোকপি মেশিনের সাহায্যে বড় করে নিতে হবে। এই নকশাটি টেবিল ক্লথ, বিছানার চাদর অথবা কুশন কভারের উপর ছোট, বড় করে বিভিন্নভাবে ব্যবহার করা যায়। নকশাটি ট্রেসিং পেপারের সাহায্যে ট্রেস করে কার্বনের সাহায্যে কাপড়ের উপর ছাপ দিয়ে নকশার কালো অংশগুলো মোম দিয়ে ঢেকে দিতে হবে। তারপর পূর্বের নিয়ম অনুযায়ী কাপড়টি রং করে ২৪ ঘন্টা পর মোম ছাড়াতে হবে এবং সুন্দর একটি একটি এক রংয়ের বাটিক হয়ে যাবে।

#### পাঁচ রং এ বাটিক করার নিয়ম

মনে করি আমি একটি হলুদ, লাল, নীল, সবুজ এবং সাদা এই পাঁচ রং একটি বাটিক করবো। প্রথমে সাদা কাপড়টি পাঁচ রং এর নকশা ঐকে, নকশার সাদা ও নীল অংশ মোম দিয়ে ঢেকে কাপড়টিকে হলুদ রং করতে হবে। তারপর কাপড়টিকে ছায়ায় শুকিয়ে নকশার যে অংশ হলুদ রং করতে হবে। তারপর কাপড়টিকে ছায়ায় শুকিয়ে নকশার যে অংশ হলুদ, সাদা ও সবুজ সেই অংশগুলি মোম দিয়ে ঢেকে নীল রং করতে হবে। এবং ঠান্ডা পানি দিয়ে ধুয়ে ছায়ায় শুকাতে হবে। এর ২৪ ঘন্টা পর কাপড়ের মোম ছাড়াতে দেখা যাবে যে, লাল, হলুদ, সবুজ, নীল এবং সাদা এই পাঁচ রং এর বাটিক হয়েছে।

## বেসিক বডিস

### Basic Bodice Block- by Winifred Aldrich



#### প্রয়োজনীয় উপকরণঃ

- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

#### পরিমাপঃ

১. রাউন্ড নেক
২. অ্যাক্রস সোল্ডার
৩. চেস্ট
৪. ওয়েস্ট
৫. ব্লাইজের লেঙ্ক
৬. বাইসেপ

পদ্ধতিঃ

(ব্যাক)

- ১) OA মার্ক করতে হবে যা টোটাল লেছ (ব্লাউজের)
- ২) O থেকে B বিন্দু মার্ক করতে হবে, যা চেস্টের  $1/6+1''$
- ৩) B থেকে আড়াআড়ি ঐ মার্ক করতে হবে, যা চেস্টের  $1/4+1/2''$
- ৪) OE চেস্টের  $1/12$
- ৫) O হতে D মার্ক করতে হবে, যা  $1''$  হবে
- ৬) D হতে G আড়াআড়ি মার্ক করতে হবে, যা সোল্ডরের  $1/2$
- ৭) OL =  $3''$
- ৮) A হতে I মার্ক করতে হবে, যা ওয়েস্টের  $1/4+1 1/2''$

৯) AK চেস্টের  $1/12+1/2''$  (ডাট লেছ = এপেক্স পয়েন্ট পর্যন্ত)

১০) HI যুক্ত করতে হবে।

১১) EPL এবং এঐ যুক্ত করতে হবে (ফ্রেঞ্চ কার্ভ দ্বারা)

১২) শুধু ওয়েস্ট ডাট বিদ্যমান থাকবে।

(ফ্রন্ট)

- ১) O বিন্দু হতে C মার্ক করতে হবে, যা চেস্টের  $1/6$  হবে।
- ২) B হতে H<sub>1</sub> মার্ক করতে হবে, যা চেস্টের  $1/4+1''$
- ৩) XK চেস্টের  $1/12+1/2''$  লেছ = E হতে এপেক্স পয়েন্ট চেস্টের  $1/4+1 1/2''$
- ৪) X11 ওয়েস্টের  $1/4+1 1/2''$
- ৫) H1Z চেস্টের  $1/8+1 1/2''$
- ৬) W বিন্দু সর্বোচ্চ বিন্দু (আর্ম হালের)
- ৭) EC এবং GH ফ্রেঞ্চ কার্ভ দ্বারা যুক্ত করিতে হবে
- ৮) AX =  $1''$
- ৯) BY = এপেক্স পয়েন্ট
- ১০) ডাট লেছ চিত্রে দেওয়া

(প্লিভ)

- ১) O হতে অ মার্ক করতে হবে, যা  $7''$
- ২) O হতে B মার্ক করতে হবে, যা চেস্টের  $1/12+1''$
- ৩) B হতে B মার্ক করতে হবে, যা বাইসেপের  $1/2+1/4''$
- ৪) B<sub>1</sub>-O, A<sub>1</sub>- B<sub>1</sub>, B<sub>2</sub>-O, A<sub>2</sub>-B<sub>2</sub> যুক্ত করতে হবে।
- ৫) O-B<sub>1</sub>, এবং O-B<sub>2</sub> এর মধ্য বিন্দু C<sub>1</sub> এবং C<sub>2</sub>
- ৬) C<sub>1</sub>-C<sub>1</sub> এবং C<sub>2</sub>-B<sub>2</sub> এর মধ্য বিন্দু D<sub>1</sub> এবং D<sub>2</sub>
- ৭) AA<sub>1</sub>= $5 1/4''$  বা প্লিভ বাটমের  $1/2$



## Perform product development


### বেসিক বডিস

#### ❖ গঠন :

- 1) ফ্রন্ট এর অংশ দুইভাগে বিভক্ত করতে হবে, কারণ ফ্রন্ট ওপেনিং হবে।
- 2) ব্যাক সাইড ফোল্ডার হবে।
- 3) ডাট সুন্দর করে তৈরি করতে হবে।
- 4) নেক লাইন ও হেম ব্লাইন্ড হেম দ্বারা যুক্ত করতে হবে।

#### ❖ ট্রিম :

- 1) প্লিড এ লেস ব্যবহার করা যেতে পারে।



## বেসিক শার্ট

- প্রয়োজনীয় উপকরণ:
- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

## পরিমাপ:

- ১) রাউন্ড নেক
- ২) অ্যাক্রস সোল্ডার
- ৩) চেস্ট
- ৪) ওয়েস্ট
- ৫) ব্লাইজের লেংথ
- ৬) বাইসেপ

## পদ্ধতি:

(ব্যাক)

- ১) OA মার্ক করতে হবে যা টোটাল লেংথ (ব্লাইজের)
- ২) O থেকে B বিন্দু মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{6}+1"$
- ৩) B থেকে আড়াআড়ি H মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{4}+1\frac{1}{2}"$
- ৪) OE চেস্টের  $\frac{1}{12}$
- ৫) O হতে D মার্ক করতে হবে, যা  $1"$  হবে
- ৬) D হতে G আড়াআড়ি মার্ক করতে হবে, যা সোল্ডরের  $\frac{1}{2}$
- ৭) OL =  $3"$
- ৮) A হতে ১ মার্ক করতে হবে, যা ওয়েস্টের  $\frac{1}{4}+1\frac{1}{2}"$
- ৯) অক চেস্টের  $\frac{1}{12}+1\frac{1}{2}"$  (ডাট লেংথ = এপেক্স পয়েন্ট পর্যন্ত)

১০) HI যুক্ত করতে হবে।

১১) EPL এবং GH যুক্ত করতে হবে (ফ্রেঞ্চ কার্ভ দ্বারা)

১২) শুধু ওয়েস্ট ডাট বিদ্যমান থাকবে।

(ফ্রন্ট)

১. O বিন্দু হতে C মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{6}$  হবে।
২. B হতে H<sub>1</sub> মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{4}+1"$
৩. XK চেস্টের  $\frac{1}{12}+1\frac{1}{2}"$  লেংথ = E হতে এপেক্স পয়েন্ট চেস্টের  $\frac{1}{4}+1\frac{1}{2}"$



৪. X১১ ওয়েস্টের  $1/4 + 1 1/2$ "

৫. H1Z চেস্টের  $1/8 + 1 1/2$ "

৬. W বিন্দু সর্বোচ্চ বিন্দু (আর্ম হোলার)

৭. EC এবং GH ফ্রেঞ্চ কার্ড দ্বারা যুক্ত করিতে হবে

৮.  $AX = 1$ "

৯.  $BY =$  এপেক্স পয়েন্ট

১০. ডার্ট লেছ চিত্রে দেওয়া

(স্লিভ)

১. O হতে A মার্ক করতে হবে, যা ৭"

২. O হতে B মার্ক করতে হবে, যা চেস্টের  $1/12 + 1$ "

৩. B হতে B মার্ক করতে হবে, যা বাইসেপের  $1/2 + 1/4$ "

৪. B<sub>1</sub>-O, A<sub>1</sub>-B<sub>1</sub>, B<sub>2</sub>-O, A<sub>2</sub>-B<sub>2</sub> যুক্ত করতে হবে।

৫. O-B<sub>1</sub>, এবং O-B<sub>2</sub> এর মধ্য বিন্দু C<sub>1</sub> এবং C<sub>2</sub>

৬. C<sub>1</sub>-C<sub>1</sub> এবং C<sub>2</sub>-B<sub>2</sub> এর মধ্য বিন্দু D<sub>1</sub> এবং D<sub>2</sub>

৭.  $AA_1 = 5 1/4$ " বা স্লিভ বাটমের  $1/2$

কামিজ

- প্রয়োজনীয় উপকরণ :
- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

পরিমাপ :

- ১) অ্যাক্রস সোল্ডর
- ২) রাউন্ড নেক
- ৩) চেস্ট
- ৪) লেছ

পদ্ধতিঃ

(ফ্রন্ট)

- ১) A থেকে B ভার্টিক্যাল লাইন টানতে হবে, যা কুর্টার টোটাল লেছ।
- ২) AB লাইনে C মার্ক করতে হবে A থেকে, যা চেস্টের  $1/4 + 1$ "
- ৩) একই লাইনে D মার্ক করতে হবে A থেকে, যা চেস্টের  $1/6$
- ৪) A থেকে E মার্ক করতে হবে AB লাইনে, যা ওয়েস্ট লেবেল এবং H<sub>1</sub> = ওয়েস্টের  $1/4 + 1$ "
- ৫) H বিন্দু হতে E মার্ক করতে হবে একই লাইনে যার ডিসটেন্স হবে 7" (চেস্ট 4-2")
- ৬) ET হিপের  $1/4 + 1$ "

- ৭) A বিন্দু হতে 1" নিচে সোল্ডার ড্রপ পয়েন্ট এ মার্ক করতে হবে।
- ৮) AI চেস্টের  $\frac{1}{12}$
- ৯) IP জয়েন্ট করতে হবে এটি AD এর সমান্তরাল
- ১০) GJ হলো হাফ সোল্ডার মেজারমেন্ট।
- ১১) IJ যুক্ত করতে হবে
- ১২) C হতে K আড়াআড়ি মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{4} + 1"$ ।
- ১৩) JK ফ্রেঞ্চ কার্ভ দ্বারা যুক্ত করি এবং অনুরূপভাবে ID ও জয়েন্ট করি।
- ১৪) BN=ET

ব্যাক :

- ১) একই প্যাটার্নে A হতে F মার্ক করতে হবে, ডিসটেন্স হবে  $\frac{1}{2}"$  এবং প্যারা লাইন মার্ক করতে হবে AI তে।
- ২) IO এবং JK ফ্রেঞ্চ কার্ভ দ্বারা যুক্ত করি।

গঠন :

- 1) ফ্যাব্রিক ভাঁজ করে ফ্রান্ট পার্ট চিহ্নিত করতে হবে।
- 2)  $\frac{1}{2}"$  অ্যালডস রাখতে হবে সব দিকে।
- 3) ডান দিকে ফ্রেঞ্চ সীম দিয়ে আটকাতে হবে।
- 4) হেম ও টপ সিটচ বা ব্লাইন্ড হেম ব্যবহার করতে হবে।



ট্রিম :

- 1) প্রিন্টেড কাপড় ব্যবহার করা যেতে পারে।
- 2) হেম লাইন, নেক লাইন এবং প্লিভ হেম এ পাইপিং ব্যবহার করা যেতে পারে।

প্লিভ :

- ১) OA লাইন মার্ক করতে হবে, যা প্লিভের লেঙ্ক-
- ২) OB চেস্টের  $\frac{1}{12}"$
- ৩) B হতে B<sub>1</sub> মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{4} - \frac{1}{2}"$  এবং = B & B<sub>2</sub>
- ৪) A<sub>1</sub> থেকে A এর দূরত্ব ৫" যেখানে A এবং A<sub>2</sub> সমান
- ৫) B<sub>1</sub> থেকে O, A<sub>1</sub> থেকে O, A<sub>2</sub> থেকে B<sub>2</sub> যোগ করতে হবে।

# Plain Kameez



## পাঞ্জাবি

- প্রয়োজনীয় উপকরণ :
- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

### পরিমাপ :

- ১) অ্যাক্রস সোল্ডর
- ২) রাউন্ড নেক
- ৩) চেস্ট
- ৪) লেহু

### পদ্ধতিঃ

(ফ্রন্ট)

- ১) A থেকে B ভার্টিক্যাল লাইন টানতে হবে, যা কুর্টার টোটাল লেহু।
- ২) AB লাইনে C মার্ক করতে হবে A থেকে, যা চেস্টের  $\frac{1}{4} + 1''$
- ৩) একই লাইনে D মার্ক করতে হবে A থেকে, যা চেস্টের  $\frac{1}{4}$
- ৪) A থেকে H মার্ক করতে হবে AB লাইনে, যা ওয়েস্ট লেবেল এবং  $H_1 =$  ওয়েস্টের  $\frac{1}{4} + 1''$
- ৫) H বিন্দু হতে E মার্ক করতে হবে একই লাইনে যার ডিসটেন্স হবে ৭" (চেস্ট ৪-২")
- ৬) ET হিপের  $\frac{1}{4} + 1''$
- ৭) A বিন্দু হতে 1" নিচে সোল্ডর ড্রপ পয়েন্ট এ মার্ক করতে হবে।
- ৮) AI চেস্টের  $\frac{1}{12}$
- ৯) IP জয়েন্ট করতে হবে এটি AD এর সমান্তরাল
- ১০) GJ হলো হাফ সোল্ডর মেজারমেন্ট।
- ১১) IJ যুক্ত করতে হবে
- ১২) C হতে K আড়াআড়ি মার্ক করতে হবে, যা চেস্টের  $\frac{1}{4} + 1''$ ।
- ১৩) JK ফ্রেঞ্চ কার্ভ দ্বারা যুক্ত করি এবং অনুরূপভাবে ID ও জয়েন্ট করি।
- ১৪) BN=ET

ব্যাক :

- ১) একই প্যাটার্নে A হতে F মার্ক করতে হবে, ডিসটেন্স হবে  $\frac{1}{2}''$  এবং প্যারা লাইন মার্ক করতে হবে AI তে।
- ২) IO এবং JK ফ্রেঞ্চ কার্ভ দ্বারা যুক্ত করি।

গঠন :



- ১) ফ্যাব্রিক ভাঁজ করে ফ্রন্ট পার্ট চিহ্নিত করতে হবে।
- ২)  $\frac{1}{2}''$  অ্যালউস রাখতে হবে সব দিকে।
- ৩) ডান দিকে ফ্রেঞ্চ সীম দিয়ে আটকাতে হবে।
- ৪) হেম ও টপ স্টিচ বা ব্লাইন্ড হেম ব্যবহার করতে হবে।

ট্রিম :

- ১) থ্রিন্টেড কাপড় ব্যবহার করা যেতে পারে।
- ২) হেম লাইন, নেক লাইন এবং প্লিভ হেম এ পাইপিং ব্যবহার করা যেতে পারে।

প্লিভ :

- ১) OA লাইন মার্ক করতে হবে, যা প্লিভের লেহু-
- ২) OB চেস্টের  $1/12$ "
- ৩) B হতে B<sub>1</sub> মার্ক করতে হবে, যা চেস্টের  $1/4 - 1/2$ " এবং = B & B<sub>2</sub>
- ৪) A<sub>1</sub> থেকে A এর দূরত্ব ৫" যেখানে A এবং A<sub>2</sub> সমান
- ৫) B<sub>1</sub> থেকে O, A<sub>1</sub> থেকে O, A<sub>2</sub> থেকে B<sub>2</sub> যোগ করতে হবে।



### প্লেইন স্কাট

- প্রয়োজনীয় উপকরণ :
- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

### পরিমাপ :

১) ওয়েস্ট

২) লেস্থ

### পদ্ধতি

১) বিন্দু থেকে A মার্ক করতে হবে যা লেস্থ

২) OB হিপের  $\frac{1}{4}$  "

৩) OC ওয়েস্টের  $\frac{1}{4} + 1$  "

৪) BG হিপের  $\frac{1}{4} + \frac{1}{2}$  "

৫) OC লাইনে মিড পয়েন্ট 1

৬) I থেকে D ও H মার্ক করতে হবে দুই সাইড থেকে যার দূরত্ব 1"

৭) D থেকে H ডাট পয়েন্ট (ডাট =  $\frac{1}{2}$  "।

৮) ডাট এর দৈর্ঘ্য 3.5"।


৯) CG যোগ করতে হবে হিপ কার্ভ অনুসারে।

### গঠন :

১) ফ্রন্ট প্যানেল ফোল্ড অবস্থায় কাটতে হবে

২) প্যানেল টুইচ অবস্থায় কাটতে হবে।

Basic Skirt



সালোয়ার

প্রয়োজনীয় উপকরণ :

- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

পরিমাপ :

- ১) হিপ
- ২) লেহু অফ সালোয়ার
- ৩) বটম ওপেনিং

বেল্ট :

- ১) বিন্দু থেকে অ মার্ক করতে হবে যা হিপের  $\frac{1}{6} + 1''$
- ২) পুনরায় O বিন্দু থেকে C মার্ক করতে হবে, ইহা হিপের  $\frac{1}{4} + 5''$
- ৩) CB ও OA যোগ করতে হবে, (CB=OA) ও (AB=OC)

ফ্রন্ট :


- ১) H বিন্দু থেকে L পর্যন্ত মার্ক করতে হবে যার দূরত্ব; 8''
- ২) L বিন্দু থেকে K পর্যন্ত মার্ক করতে হবে, ইহা বেল্টের টোটাল লেহু।
- ৩) LK=HI
- ৪) LH=KI) উ থেকে E পর্যন্ত মার্ক করতে হবে, যা হিপের  $\frac{1}{3} + 2''$  বেল্ট।
- ৫) D থেকে G মার্ক করতে হবে, যা ফুল উইডথ টোটাল কাপড়ের
- ৬) GF সমান হবে HI এর
- ৭) FX হবে 1''

বেক :

- ১) M বিন্দু হতে N পর্যন্ত মার্ক করতে হবে, যা 9''
- ২) P বিন্দু হতে Q পর্যন্ত মার্ক করতে হবে, যা 9.75''
- ৩) M=1''



## Plain Salwar



গঠন :

- ১) ভাজকৃত কাপড়কে মার্ক করতে হবে।
- ২) সেলভেজ বরাবর লেস্থ কাটতে হবে।
- ৩) বেল্টের অংশ মার্ক করতে হবে।
- ৪) সীম অ্যালাউন্স অন্তর্ভুক্ত।
- ৫) কাপড় কেটে সাইড সীম অ্যাটাস করতে হবে।
- ৬) লেগ অ্যাটাস করতে হবে এবং বেল্ট ডান সাইড থেকে অ্যাটাস করতে হবে।
- ৭) বেল্টের উপরের অংশ ফোলডেড হবে এবং টপ স্টিচ দ্বারা সিকিউর করতে হবে।
- ৮) বেল্টের ভাঁজকৃত অংশে দড়ি লাগাতে হবে।

## পেটিকোট/স্কার্ট

### প্রয়োজনীয় উপকরণ:

- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি



### পরিমাপ:

- ১) হিপ
- ২) ফুল লেঙ্গ
- ৩) উইডথ
- ৪) ওয়েস্ট

### পদ্ধতি :

- ১)  $OA = \text{হিপের } \frac{1}{3} + 2''$
- ২)  $BC \text{ হিপের } OA = \text{হিপের } \frac{1}{3} + 2''$
- ৩)  $OB = AC = \text{হিপের } \frac{1}{4} + 1.5''$
- ৪)  $OW = \text{হিপের } \frac{1}{12} + 1''$
- ৫)  $WJ = \text{হিপের } \frac{1}{12} + 1''$
- ৬)  $JJ_1 = WD_1 = \text{হিপের } \frac{1}{6}$
- ৭)  $DB = 1''$
- ৮)  $EF = \text{ফুল লেঙ্গ হিপের } \frac{1}{3} + 2''$
- ৯)  $EG = \text{ফুল লেঙ্গ} = \text{হিপের } \frac{1}{3} + 2''$
- ১০)  $EG-HF = DBW - \frac{1}{2}$
- ১১)  $H-H_1 = \text{হিপের } \frac{1}{6} + 1''$
- ১২)  $E-H_2 = \text{হিপের } \frac{1}{12}$
- ১৩)  $H_1-K = 1'' \quad H_2-K_1 = 1''$

# Hip Tight Petticoat



### গঠন :

- ১) ভাঁজকৃত কাপড় থেকে দুই অংশ হিপ ইয়ক কাটতে হবে।
- ২) ডাট সুন্দর করে স্টিচ দিতে হবে?
- ৩) সাইডে প্লেইন সীম দ্বারা সেলাই করতে হবে।
- ৪) বাম সাইডে ৬ নিচের দিকে প্লাকেট এর জন্য রাখতে হবে।
- ৫) বাম সাইডে ১ পিচ প্লাকেট যোগ করতে হবে।
- ৬) বাম সাইডে ১ পিচ প্লাকেট যোগ করতে হবে।
- ৭) সেন্ট্রাল প্যানেলের সাথে সাইড প্যানেল সেলাই করতে হবে।
- ৮) স্কার্ট ওয়েস্ট লাইনের সাথে ইয়ক হেম লাইন যোগ করতে হবে।
- ৯) টপ স্টিচ দ্বারা হেম লাইন ফিনিশ করতে হবে।

### ছয় প্যানেল পেটিকোট

#### প্রয়োজনীয় উপকরণ :

- মেজারমেন্ট টেপ
- ব্রাউন পেপার
- প্যাটার্ন বোর্ড
- পেন্সিল
- কলম
- স্কেল
- মুছনি

#### পরিমাপ :

- ১) হিপ
- ২) ফুল লেছ
- ৩) উইডথ (প্রস্থ)
- ৪) ওয়েস্ট কোমর)

#### পদ্ধতি :

- ১) OA = ফুল লেছ - ওয়েস্ট বেল্ট
- ২) CB ফুল লেছ - ওয়েস্ট লেছ
- ৩) OC = BA =  $\frac{1}{2}$  অফ হিপ বা  $\frac{1}{2}$  উইডথ
- ৪) BD =  $\frac{1}{6}$  অফ হিপ বা +1"
- ৫) OE এর  $\frac{1}{12} + \frac{1}{2}$  "
- ৬) OE ও হিপের  $\frac{1}{6}$
- ৭) D1, BD এর মধ্যবিন্দু
- ৮) D1, D4 এর মধ্যবিন্দু  $\frac{1}{6}$
- ৯) J-J1 = K-k1 = হিপের  $\frac{1}{2}$
- ১০) JK-J1-K1 = 1.5"

**গঠন :**

- ১) ভাঁজকৃত কাপড় থেকে সেন্ট্রাল প্যানেল এর দুই অংশ কাটতে হবে।
- ২) সাইড প্যানেল থেকে চার পিস কাটতে হবে।
- ৩) ফ্রেঞ্চ সীম দ্বারা সেন্ট্রাল প্যানেল ও সাইড প্যানেল সেলাই করতে হবে।
- ৪) ডাট সুন্দর করে তৈরী করতে হবে।
- ৫) বাম পাশের ওয়েস্ট লাইন প্লাকেট যোগ করতে হবে।
- ৬) পেটিকোটের সাথে ওয়েস্ট বেল্ট যোগ করতে হবে।
- ৭) টপ স্টিচ দ্বারা হেম লাইন ফিনিশ করতে হবে।